SUSHILÁCHANDRAKETU

135

KANTI CHANDRA VIDYÁRATNA, B. A., Professor of Sanskret, Californi Mission College.



কাথিড়াল বিশ্ব কলেজের সংস্কৃত অধ্যাপক

বন্দোপাধিক শ্রীকান্তিচন্দু বিদ্যারত্ব বি,এ, প্রণীত ও প্রকাশিত।

কলিকাতা।

প্রীযুক্ত ঈশ্বরচন্দ্র বস্তু কোং বছবাজারস্থ ২৪৯ সংখাক ভবনে ইয়ানুহোপ্ যন্ত্রে মুঁদ্রিত।

मग ১২१३ माल।

বিজ্ঞাপন।

--+>--

"সুশীলাচক্রকেতু" কোন পুস্তকের অনুবাদ নহে। মহাকবি সেক্সপিয়ারের অন্যতম নাটক পাঠে উদ্বো-ধিত। উক্তী কবিশিরোমণির ^{*} Twellth Night" পাঠ করিতে করিতে আমার কেমন প্রতীতি হইল. যে এই নাটকের গম্পভাগটী বঙ্গভাষায় সক্ষলিত হইলে তৎপাঠে সহৃদয়বর্গের কিঞ্চিং মনোরঞ্জন হইতে পারে। গম্পাটীর সারভাগ মাত্র এহণ করিয়া আমি উহাকে অনেক পরিবর্ত্তিত ও ভারতীয় বেশে সন্নিবেশিত করিয়াছি। এইরূপ পরিবর্ত্তন দারা গম্পাদীর উৎকর্য সম্পাদন কখনই সম্ভাবিত নহে. वतः अशकरर्वतदे न्याधिक गञ्जावना । * धक्का शार्ठक-গণ রুতনবোধে ' সুশীলাচক্রকেতু " একবার আদ্যন্ত প্রাঠ করিলেই সকল শ্রম সফল বোধ করিব।

শ্ৰীকান্তিচন্দ্ৰ শৰ্মা।

मुगीना ज्ञातक जू।

প্रथम পরিচ্ছে।

পূর্বকালে সিংহলদীপে শান্তণীল নামে নরপতি রাজ্য করিতেন। স্থবর্ণপুরী তাঁহার রাজধানীছিল। নগরীর সমুখীন সমুদ্রভাগ বাণিজ্যপোতে সর্বাদাই সুশোভিত থাকিত। সুরাফ্র, গুর্জ্জর, দিন্ধু প্রভৃতি প্রদেশের বণিক্গণ দাক্ষিণাতোর পশ্চিম উপকূল দিয়া নৌকা চালন পূর্বাক সিংছলে আসিরা বাণিজ্য করিত। ञ्चर्वभूती करम अनामानामम्बिनानिनी बहेता कूरवत-নগরী অলকাকেও ধনসম্পদে উপহাস করিতে লাগিল। শান্তশীল সৌমাাকৃতি, গভীৰপ্ৰকৃতি, কিন্তু হুরন্তপ্রতাপ ছিলেন; প্রজাগণকে অপত্য-নির্ব্বিশেষে পালন করি-তেন। শক্রণণ তাঁহার প্রচণ্ড প্রতাপে তাপিত হইয়া পুরিশেষে তাঁহারই আত্রয়ছায়ায় তাপশান্তি করিত। শাস্থীলের প্রথম বয়সে পুল্র কুন্যা হয় নাই; সিংহলেশ্বরীর অনেক উপাসনার পর চরমে হুই যমজ সভান হইল। রাজা এককালে তনয় তনয়ার মুখ নিরীক্ষণ করিয়া অপার আননদ সাগরে নিমগ্ন ছই-

लन ; शुरखत नाम स्नीन ७ क्नात नाम स्नीन त्राधितन । स्नीन स्नीनात अवग्रदत आकर्षा अवि-কল সোসাদৃশ্য ছিল; কিঞ্চিন্মাত্রও ভেদ লক্ষিত হইত ना। একরপ পরিচ্ছদ পরিধান করিলে অপরে কি, জনক জননীও কে স্থাল কে স্থালা সহসা প্রভেদ করিতে পারিতেন না। ছই জনের পাবণা-মাধুরী শুক্ল পক্ষে শশিকলার নাায় দিন দিন রৃদ্ধি পাইতে .লাগিল। তাহাদের স্থকুমার অবয়ব স্পর্শে শরীরে অমৃতধারা বর্ষণ করিত; নিরন্তর দর্শনেও মনের দাধ মিটিত না, কণে কণেই নৃতন বলিয়া বোধ হইত। তাङ्गानिगरक कार्ड नहेता अर्द्धानियीनिजनয়रत वात বার মুখচুষনেও জনকজন্নীর তৃত্তির শেষ হইত না। শিশুদ্বরের স্থধাবর্ষি অক্ট বাক্য অবনে ভাঁছাদের अन्तरत्। अनिर्द्धानीत आनत्मत **डेम**त इरेड। তাহাদের স্থলিতপদে চলন পদে পদে পিতা মাতার হ্নদর আকর্ষণ করিত। ধয়োর্কির সহিত উভয়ের স্কে। দর-স্বেহ ক্রমেই প্রেদ্ধ হইতে লাগিল। চুই জন একত্র শয়ন, একত্র ভোজন, একত্র উপবেশন এবং সর্বাদু বি একত জীড়া করিত : মুহুরের নিমিত নয়নেল .অস্তর হইলে হুই জ্ঞানৈই চীৎকার করিয়া রোদন আরম্ভ করিত, অশুজনে বকংছন ভাসিয়া যাইত; পুনর্কার দেখা হইলে অমনি সমস্ত কট বিস্মৃত হইয়া হাস্যবদনে পরস্পারের অভিমুখে অতিবেগৈ ধাবমান হইত। তাহা-

ক্রের মধুর ভাব দর্শনে পিতামাতার হৃদয় অসামানা আনন্দরসে পরিপ্লুত হইতে লাগিল।

श्रीना ननिज रेमनवगाइत क्रिनकी जा मग्थ করিয়া ক্রনৈ যৌবনসরোবরে অবতীর্ণ হইলেন। তাহার বদন-সরোজ অলোকিকলাবণ্যময় নৃতন সরসীসলিলে অপুরু শোভা ধারণ করিল; কেশকলাপ শৈবালের কোমলকান্তি অপহরণ করিল, চঞ্চল স্থদীর্ঘ নয়ন-শোভা-সন্দৰ্শনে স্থচাৰ নীলোৎপল-দল প্ৰবাতকম্পিত-ক্লে নিরস্তর অস্থির হইল; জাযুগল মন্দমাক্তান্দো-লিত উর্মিশলার মনোজ ভলি গ্রহণ করিল; সুকুমা-রীর ওর্চপুটে দশনকুটালের আরিক্ত কমনীয় শুভ্রকান্তি নিরীক্ষণে মুক্রারত্ব লক্ষায় শুক্তিমধ্যে লুকায়িত ইইয়া গভীর জলে পঙ্কে প্রবেশ করিল; বিক্রমলতা তাহার অধরের স্নিগ্ধ পাটলতা দর্শনে বিমুগ্ধ হইয়া স্থির ভাবে মুখ উন্নত করিতে লাগিল: স্থকুমার বাছযুগল কণ্টকময় মূণালকে স্থূর-পরাছত করিল; স্থকোমল করতলের রক্ততায় কোকনদের ছায়া তিরষ্কৃত হইল; গভীর নাভি আবর্ত্তের ঘূর্নিত বিভ্রম ধারণ করিল; জ্বনস্থলী কোম-্রুতাগুণে সৈকভের গর্ব ধর্ব করিল ; কোকনদ একবার পরাজিত হইয়া শরণ-প্রার্থনায় পর্দতলে বিলীন হইল। শাঁত্তণীল কন্যার যৌবনপ্রারম্ভ দেখিয়া উপযুক্ত পার্ত্ত অবেষণ করিতে লাগিলেন।

সেই সময়ে বীরবাছ শ্রাফ্রদেশের অধিপতি ছিলেন।

চল্রকেতু নামে তাঁহাদ্ম একমাত্র পরমহন্দর তনয় ছিলঃ।
চল্রকেতু অসামান্যখীশক্তিসম্পন্ন ছিলেন, বাদ্যকালেই
সমস্ত শাস্ত্রে অসাধারণ ব্যংপত্তি লাভ করেন। তিনি
অদ্ধবিদ্যায় বিশেষ পারদর্শী হন। তাঁহার অন্তুত
পরাক্রম ও শিক্ষা-কোশল সকলকেই বিশ্বিত করিয়াছিল। নরপতি পুজের বুনি-পরিপাক, শিক্ষা-নৈপুণ্য ও
বীরত্ব দর্শনে অভিমাত্র প্রতি হইয়াতাহাকে যৌবরাজ্যে
অভিষক্ত করিলেন। যুবরাজ পিতার আদেশ লইয়া
জনিনার চরণে প্রণতিপূর্বক চতুরজ্ব-সেনাসমভিব্যাহারে
দিয়িজয়প্রসঙ্গে যাত্রা করিলেন; এবং গুর্জর, সিয়ু,
পাঞ্জাব, কাশ্মীর, মধাদেশ, অন্তু, বজু, কলিন্ধ, কণ্টি,
কেরল, জাবিড় প্রভৃতি সমস্ত দেশ জয় করিয়া ভারতবর্ষের দক্ষিণ সীমায় জয়পতাকা উড্ডীন করিলেন।

বাণিজ্য-স্তে শান্তশীলের সহিত বীরবাত্র মৈত্রীবন্ধন
ছিল। শান্তশীল, প্রির স্থলন্ স্বরাফ্টরাজের প্ল দিয়িজরপ্রসঙ্গে সিংহলের অপর পারে উপনীত হইরাছেন,
শুনিয়া বার্থ হইরা প্রধান-সেনাপতি শ্রসেনকে তাঁছার
প্রত্যালামনার্থ সৈন্য সহিত প্রেরণ করিলেন। শ্রসেন
চক্তকেতুর নিকট উপস্থিত হইরা বলিকেন, রাজকুমার।
তোমার পিতার পর্য মিত্র সিংহলেশ্বর এখানে তোমার
স্বাগমনবার্ত্তা প্রব্য মিত্র সিংহলেশ্বর এখানে তোমার
স্বাগমনবার্তা প্রবণ করিরা অতিশর আনন্দিত হইরা
আমাকে প্রেরণ করিরাছেন, তাঁছার একান্ত ইন্ধা
তোমার মুখচন্দ্র সন্দর্শন করেন, যদি কার্যাছানি না

হয়, নৌকাযোগে পার হইয়া তাঁছার সহিত একবার <u>নাক্ষাৎ করিয়া আদিলৈ, তিনি নিরতিশয় আন্তরিক</u> প্রীতিলাভ করেন। চল্রকেডু উত্তর করিলেন, সিংছ-লাধিপতি আমার পিতার পরম মিত্র, আমাকে তনরের ন্যায় অতিশয় ভাল বাদেন, অবশ্যুই তাঁহার এচরণ দর্শন করিয়া আত্মাকে চরিতার্থ করিব। আপনি নেকার আয়োজন কৰন. কলাই সিংহুলে যাতা করিব। সেনাপতি রাজতনয়ের বচনে পরমপুলকিত হইয়াতাঁহার अवश् अञ्चाजिकर्गाति छेनागी ने ने ने निर्माक। मिर मिरामरे मः धार कतिशा शांधिलम। চलाक मूत्र-দেনের সহিত সিংহলরাজবিষরক•ন্নাঞ্জার ক্থোপ-কথনে প্রায় অন্ধরাত্র যাপন করিয়া আহারান্তে শ্রন-ভবনে গমন করিলেন। শ্যার শয়ান হইয়া পিতৃ-সর্থ শান্তনীলকে কি উপায়ন প্রদান করিবেন, তাঁছার প্রতি কিরূপ বাবহার করিবেন, চিন্তা করিতে করিতে রজনীর অবসান হইল।

পূর্কদিক্ স্থাপ ভ্রমণ মণ্ডিত হইয়া দিনমাণীর স্মাণ্যম প্রতীক্ষা করিতে লাগিল; কুমুদিনী-নায়ক কুমুদিনীকে সুনাথ করিয়া মলিনবেশে পশ্চিম সাগরে নিমগ্র ছই-লেন; কমলিনীবল্লভ পূর্কদিকের হৃদয়ে বিরাজিত হইয়া কমলিনীর স্কুমারশরীরে কোমল-কর প্রসারণ করিলেন; কমলিনী প্রাণনাথের কর-স্পর্শে পুলকিত হইয়া হাস্য করিতে লাগিল; বিহল্পণ প্রমুদিত চিত্তে মধুরকুজিতচ্ছলে দিনপতির স্তৃতিগান আরম্ভ করিল; প্রভাতের শীতল সমীরণ পদ্মবন আন্দোলিত করিয়া শরীরে হ্রভি মধুধারা বর্ষণ করিতে লাগিল; তুষার-বিল্বরাজী তব্দণ অবুণরাগে রঞ্জিত ছইয়া বহুমতীর বক্ষঃছলে মুক্তামালার শোভা ধারণ করিল; বন্ধিগণ রাজকুমারের নিজাভদার্থ স্তৃতিপাঠ আরম্ভ করিল। চক্তকেতু গাজোখান করিয়া মুখপ্রকালনাস্তর সমস্ত প্রভিঃরত্য সমাপ্ত করিলেন। অনস্তর শ্রুমেন উপস্থিত ইছিয়া নিবেদন করিল, কুমার! নোকা সমস্ত প্রস্তুত, আপনার আরোহণ প্রতীক্ষা করিতেছে। রাজকুমার বর্ষ্থাণণের সহিত প্রস্তিজ্ঞত নোকায় আরোহণ করিলেন। সহস্ত অভ্যাত্রিক প্রধান সৈন্য যথোপয়ুক্ত জল্যানে উঠিল; অবশিষ্ঠ সেনা দেনানিবেশে রাজকুমারের প্ররাগমন প্রতীক্ষার রহিল।

অনুকূল বায়ুমোণো নৌকাসকল নিংহলাভিমুখে ধাবমান হইল। চল্ৰকেডু বয়ুসাগাণের সহিত স্থালাপে
সমুদ্রের অর্ধাংশ অতিক্রম করিলেন। সকলেই পরমকৌতুকে গমন করিতেছেন এবং সিংহলের অনভিদ্রে
পৌছিয়াছেন, এমন সময়ে সহসা পদ্চিমদিকে নীলবর্ণ
মেষ্রেখা উদিত হটল। দেখিতে দেখিতে খন্মটা গগনমগুল আরত করিল। চতুর্দ্দিক্ অন্ধ্রকারে আচ্ছর ইইরা
নয়নপথ কল্প করিল। প্রবল পশ্চিম বায়ু অতি বেগে
বহিতে আরম্ভ ইইল। নাবিকগণ সমন্ত্রমে নৌকারকণে

ব্রুথা হইল। মেঘ্যালার যোরতর আড়ম্বর ও প্রনয়-वार्ट्य छेमन्न मिथना नैकरमन कमन्न कांशिरङ नांगिम, শোণিত ওছ হইল; কাহারও মুখে আর বাক্য সরে না। রাজকুমার বরস্থাণকে সংখ্যন করিয়া বলি-लन, वद्भगंग ! दूबि जांक शास्त्रभार्य मागत-कीवतन জীবন বিসর্জন করিতে হইল; এ বিপদ হইতে উত্তীর্ণ इहेरात किहूमात आना नाहे। खे अन, धनत मगी-রণের ভীষণধনি কর্ণকৃহর বিদীর্ণ করিতেছে। আমাদের প্রাণবায় অচিরাৎ ঐ ভয়ন্তর মহাবায়ুতে বিলীন হুইটে। জীবনান্তের আত্ম বিলম্ব নাই। ভ্রাতৃগণ! বোধ করি এই আমাদের শেষ কথোপকথম। তোমাদের মিষ্ট সম্ভাষণ এ কর্ণকুছরকে আর পরিতৃপ্ত করিবে না।, আমাকেও তোমাদিগকে আর বয়স্থ বলিয়া সম্বোধন করিতে ছইবে না। এস, পরস্পর গাঢ আলিজন করিয়া চিরকালের নিমিত বিদার গ্রহণ করি। ভাতগণ। যদি তোমাদের কেছ দৈববলে প্রাণের সহিত তীরে উত্তীর্ণ হইরা পুনর্কার অলেশে প্রতিগমন কর, জামার জন-নীকে সান্ত্রনা করিয়া বলিও, 'চক্রকেড় তোমার অঙ্ক হইতে প্রভষ্ট হইয়া সাগরগর্ভে শয়ন করিয়া আছে। পিতঃ! আর তোমার চন্দ্রকেতু সুরাক্রে কিরিয়া মাইবে নী, ভোষার বীর তবর সমস্ত সপত্র পরাজয় করিয়া পরিশেষে নিক্ষণ প্রভাষনের ছত্তে পরাজিত ছইয়া थार् विनक इरेन। आत्र! यापि जनक जननीत धक-

মাত্র, তনয়, ভাঁহাদের আর দিতীয় অবলম্বন নাই, আমার অভাবে তাঁহারা নিক্তর'ই প্রাণ পরিত্যাগ করি-বেন। বলিতে বলিতে ঝটকার শব্দে দিশ্বওল বিদীর্ণ হইতে লাগিল: তরজমালা ভয়ন্কর আকারে উপিত ছইর। মেষমগুল আক্রমণ করিতে আরম্ভ করিল; খন-घठा विश्वन ध्यकूभिक स्हेत्रा नातिनाननाई छेबिताकीर ভীষণতা রন্ধি করিল: তিমিকুল সফরীর ন্যায় তীরে উৎক্ষিপ্ত হইয়া চুণ্ডি হইতে লাগিল; আর কিছুই দৃষ্টি-'শে;ত্ল হয় না; চতুর্দ্দিক জলময়, ফেণরাশি অজগরের ফণের ন্যায় যেন গিলিতে আ্সিতে ক্গিল। বজের ভীষণশবে কর্ণ বিধির কইতে লাগিল, বিদ্যাৎপ্রভা আর নয়নে সহ হয় ন।। নৌকা সমস্ত থও থও হইয়া কোপায় গেল, কিছুই চিহ্ন রহিল না। অভুচারিবর্গ প্রায় সকলেই জলমধ্যেই শমনের ঋণপরিশোধ করিলেন। রাজকুমার, নৌকা খণ্ডং ছইরা জলমগ্র ছইলে, একখানি অনতিপ্রশস্ত ফলক্ষাত্র আ্রার করিয়াছিলেন। ফলক খানি একশার তরজোপরি উৎক্ষিত্ত, পুনর্কার পাতাল-মধ্যে নিকিপ্ত হইতে লাগিল। চল্ৰকেতু বাহৰুয়ে তক্তা-খানি বেষ্টন করিয়া তহুপরি অচেতনপ্রায় পড়িয়া রছি-লেন ৷ ক্রমে পশ্চিম বায়ুবেশে রাজতনয় তদবন্থ তীরে . छे ९ कि छ इहेत्रा माम्हीन अक्कानवर महान द्रहिलन i

এদিকে শান্তণীল প্রলয় ঝটিকার উদয় দেখিয়া মনে মনে চিন্তা করিতে লাগিলেন, হায়! কি সর্বনাশ করি- চল্লকে কিংসালেই অন্য সিংহলে আসিতেছিল, হার !
বংসের নিংনের জন্যই আজ কলি বায়ু উদিত ইইরাছে। রাজকুমার কি শুরসেনের আহ্বান অন্থীকার
করিয়াছেন ? না, কথনই না। আমার বংস সেরপ নয়,
আমার আছেশ শুনিবামাত্র বাছা নিশ্চয়ই অন্য
আমাকে দেখিতে আসিতেছিল। বংস.! আমি তোমার
পিতার পরম মিত্র ইইয়া আজ নিদাহণ শক্তর মত কায
করিলাম। চল্লকেতো! আর কি তোর মুখচল্ল দৈখিতৈ
পাইব, বাছা! তোর পিতাকে কি বলিব ? কি রপ্রে
তাহার নিকট পুনর্ফার এ মুখ দেখাইব ? দোহাই
সিংহলেশ্বি! দোহাই কৃষণামিয়ি! আমার চল্লকৈতু
যেন প্রাণে বাঁচিয়া থাকে।

ক্রমে কটিকা শান্ত হটুল। শান্তশীল অমনি গৃহ
হইতে নির্গত হইরা প্রধান মন্ত্রী বুধদেন ও কতিপর অল্লচরবর্গের সহিত শ্বরং সমুক্ততীরে সত্তর আগমন করিলেন। সাগরতট ভর্মনোকাখণ্ডে বিকীপ দেখিয়া
তাহার হৃদয় শুক্ত হইল, প্রাণ উড়িয়া গেল; তিনি
কাতর শ্বরে বলিয়া উঠিলেন, হা বিধাতঃ! কি সর্ক্রাশ
করিল। হা চন্দ্রকেতো! তোর মুনে কি এই ছিল ?
অনন্তর তিনি অভ্চারিবর্গকে সমুক্ততেট নরদেহ পতিত দিখিলে তৎক্ষণাৎ তাহার নিকট আনয়ন করিতে
আদেশ করিলেন। তাহারা চতুর্দিকে অবেষণ করিতে

করিতে ফলকোপরি একটা মৃতপ্রায় শরীর পতিত দেখিয়া অবিলয়ে মহারাজের নিকট আনয়ন করিল। রাক্তা দেখিবামাত্র স্থরা ফুরাক্তনরের অবয়ব চিনিতে পারিয়া বলিয়া উঠিলেন,বাছা! তোর পিতার পরম মিত্র হইতে তোর এই নিদাকণ দশা উপস্থিত হইয়াছে। দেখ দেখ, বংস আমার কি প্রাণে বাঁচিয়া আছে? वूश्रमन वक्षः इब, नामिकात्रक्ष ७ नाड़ी शतीका कतिश বলিলেন, মহারাজ। ভর নাই, কাতর হইবেন না,চন্দ্র-'কেই জীবিত আছে, চেতনাও কিঞ্চিং রহিয়াছে বোধ - কইতেছে: চঞ্চল হইবেন না, কিয়ৎক্ৰ বহিংসেক করি-লেই রাজপুত্রের সমাক চেতন। হইবে। শীয় অগ্নি আনিতে আদেশ কৰন। ভূতাগণ আজা প্ৰাপ্তিমাতে অগ্নি আনয়ন করিল। বুধসেন বহ্লিসেক ও কর্ণে কুৎকার প্রদান করিতে লাগিলেন 🏎 বহুক্ষণ পরে রাজকুমার गमाक् मध्या शाहेश हर्ज़िक नित्रीक्त कदिए नाधि-लन। गांखगीन ह्याक्यूर मार्चाधन कहिशा वनितनन, বৎস, ভয় নাই। আমি তোমার পিতার পরম্মিত ছত-ভাগা শান্তশীল। আমারই নিমিত্ত তোমার অদা এই দাৰুণ দশা উপস্থিত হইয়াছে, তোমাকে যে জীবিত দেখিব, স্বপ্নেও ভাবি নাই, তোমার পিতার পুণ্যবলে 'ভোমাকে পুনজীবিত দেখিলাম; आहेम, একবার মুখ-চম্বন করিয়া আনন্দ্রনাগরে অবগাহন করি। চন্দ্রকেতু অনেক্ষণপরে মুহুস্বরে সিংহ্দেশ্বরকে সম্বোধন করিয়া কহিলেন, তাত ! উঠিবার শক্তি নাই; চরণে প্রণাম

করিতে পারিলাম না, ছুর্ভাগ্য তনয়ের অপরাধ আছণ कतिरवन ना, भानश्नि थेनान करून, मल्डरक शांत्रण कति। भारतभीन विनातन, आभात अर्डि তোমার अङ्गृतिम ভক্তি বিশেষ অবগত আছি; সমুচিত হইতে হইবে না। বাছা। তোমার সন্দিগণ কোথায়? আমার সেনা-পতি শুরুসেন কোথায়? রাজ্তনয় দ্রান্বদ্রে অঞ্পূর্ণনয়নে উত্তর করিলেন, পিতঃ 🕨 আমার সহচর-গণ কে কোখায় আছে, কেহ জীবিত আছে কি না, কিছুই বলিতে পারি না। আমি কোখায় রীইয়াঁটি जारां अानि ना, जार्शनात्क (निश्रा वाध स्रेत्जा ... मिश्हरल উপনীত इरेब्राहि, मकैनरे खार्श्वत मे छान . হইতেছে: আমি নৌকায় সহচরগণের সহিত পরম -কোঁত্রক আসিতেছিলাম, তাহারা সকলে কোখায় গেল ? তাত। সতাই কি সিংহলে উপনীত হইয়াছি ? সিংহলপতি উত্তর করিলেন, বংস। কাত্র ছইওনা, চিন্তা করিও না, এ ক্ষীণ শলীরে বাাকুল হইলে বিপদের সম্ভাবনা, সন্ধিগণের নিমিত্ত ভাবনা নাই তাহারাও ভোমার মত কুল পাইয়াছে; তোমার এ অবস্থা আর দেখিতে পারি মা। বুগদেন। শীষ্ত মিত্রতনয়কে রাজ-ভবনে नहेता हम। इंडागंग ! ज्युपता मयूप्रवटि जरब्-. वर्ग कत्र, यनि जात्र मञ्चारमञ्चलिए भा ७ उल्क्लारे রাজভবনে লইরা যাইবে। আমি আর এখানে অপেকা করিতে পারি না, এসমর চন্দ্রকেরর নিকট ছাড়া ছইতে আমার মন সরিতেছে না।

অনন্তর রাজা চন্ত্রকে দুইয়া মন্ত্রীর সহিত রাজ-ভবনে প্রবেশ করিলেন এবং ভৃত্যগণকে কুমারের অব-ছোচিত সেবা করিতে আদেশ করিলেন। ক্রমে সন্ধা উপস্থিত হইল। রাজা মিত্রপুত্রকে সম্বোধন করিয়া বলি-লেন, বংন! আজ তোমার শরীর অতান্ত ক্লিষ্ট আছে, আর অধিক কন্ট দিব না, কিঞ্চিৎ ভোজন করিয়া শয়ন कत । চलक प्रथामंकि मन्नाकि मन्भिनेत्व यए-কিঞ্চিৎ ভক্ষণ করিয়া শরন ভবনে গ্যন করিলেন, এবং শ্বায় শরান হইরাই গাঢ় নিজার নিমগ্প হইলেন। প্র-— পাতে গারোখান করিয়া প্রাভঃ

কৃত্য সমাপনাত্তর বিদিয়া আছেন, শা্ঠ্ডশীল উপস্থিত হইয়া জিজাদা করিলেন, বাছা! শরীরের গ্লানি কিঞ্চিৎ অপনীত · হইরাছে ? চন্দ্রকেতু পিতৃমিত্রের চরণে প্রণতিপূর্মক উত্তর করিলেন, পিতঃ! অদ্য আপনার প্রদাদে পুনর্জ্জন্ম নাভ করিয়াছি, আপনার এ ঋণ কখনই পরিশোধ করিতে পারিবনা; তাত! জনক জননীকে দেখিতে আমার মন নিতাভ উৎক্ঠিত হইতেছে; শীম্র आभारक विमाश मिरवन। मालमीन विनित्नन, वाहा। তোমার জনক জননী কেমন আছেন, এবং কি লাছসে . এত অশা বয়দে সোমাকে একাকী দিয়িজনে পাঠা-ইয়াছেন? চন্দ্রকেতু সবিনয়ে কহিলেন, তাত! সপত্রপারাজয় ক্ষতিয়দিগের পরমধর্ম, ইহাতে যে शताश्य रहेरल क्य नारम कनकै रहेरव। जाशनार्मह

অংশবিদ্যাদে আমি শক্ত হইতে ভয় করি না; কি জানি আমারই পূর্বজন্মের হুরদৃষ্ট বশতঃ কলা এই দাকণ দৈব বিপদে পতিত হইয়াছিলাম। ^{*}ভাত। বয়সাগণের মুখ কি পুমর্কার নিরীক্ষণ করিব ? আপনার শুরুদেন কি ফিরিয়। আদিয়াছেন ? কই তাঁহাকেও ত দেখি-তেছি না ? অফচর সৈনাগণ কোথায় রহিল গ তাহাদেব সকলের জনা আমার মন ব্যাকুলিত হট্টতেছে।" রাজ। উত্তর করিলেন, বংস! উত্তলা হইওনা, ক্রির হও, সকলকেই পাইবে, ভাবনা নাই, তাহারাও তোহার মাই কুল পাইয়া তোকার জন। অধীর ছইয়াবিলাপ কথিত। তেছে। কিছু দিন অপেক। করিলে সকলেরই সঙ্গে প্নব্রার দেখা হইবে। দিন কতক সামার গৃহে অব-'ছতি কর, এ অবস্থায় তোমাকৈ পাচাইতে পারি না। শ্রীর কিঞিৎ সবল হইলেই সেনা সমেত তোমাকে স্থাকে প্রেরণ করিব।

রাজকুমার উত্তর করিলেন, পিতঃ! আমার এখানে অবস্থান করিতে অসাধ নাই, আপনার গ্রীহে আর আমার পিতার গ্রহে কিঞ্জিলাত্রও ভেদ জ্ঞান করি না, পিতঃ! ভর হর পাছে জনক জননী আমার শোকে প্রাণ পরিতাশে করেন। আমি ভাঁহাদের এক মাত্র জীবনের ধন, আমার এ বিপদ শুনিলে ভাঁহার প্রাণে বাঁচিবেন না। তাত! আমাকে শীঘ্র বিদায় দিবেন। বয়স্যাণ কেছ বাঁচিয়া আগছে কি না তাহারও একবার

অন্তরন্ধান করিতে হইবে, তাহাদের জনক জন্মী জিজাসা করিলে কি বলিয়া উত্তর দিব ? পিতঃ! কিছু মনে করিবেন না, আমাকে শীঘ্র অদেশ গমনে অন্ত্রমতি কৰুন, আমার মন নিতান্ত চঞ্চল হইয়াছে, মুহূর্তকাল যুগসহজ্র বোধ হইতেছে। অরিক বিলম্ব হইলে আমার সেনাগণ, আমি জলে চিরকালের মত নিমগ্র হইয়াছি মনে করিয়া, দেশে ফিরিয়া বাইবে। সৈন্যগণ চক্রকেতুশ্না স্বাফ্রে ফিরিয়া গোলে আমার পিতামাতা তৎক্ষণাণ, চক্রকেতু কোথায়, চক্রকেতু কোথায় হা চক্রকেতো, হা হল্লকেতো, বলিয়া চতুর্দ্ধিক্ অন্ধকার দেখিবেন; আমাকে পিত্মাতৃ হত্যার পাত্রকী হইতে হইবে।

সংহলরাজ অনেব বুঝাইরা কোন রূপেই যুব-রাজকে সাস্ত্রনা করিতে পারিলেন না, পাঁচ দিবস মাত্র রাথিয়া অতান্ত হুংখিত চিত্তে ও মান বদনে বিদায় দিলেন। রাজকুমার পার হইরা সেমানিবেশে উপ-স্থিত হইলেন।

সেনাগণ প্রবল কটিক। দেখিয়া মনে করিয়াছিল
বৃক্তি আমরা জন্মের মত রাজকুমারকে হায়াইলাম।
তাহারা চন্দ্রকেতৃর পুনর্দর্শন পাইয়া অপার আনন্দ
সাগরে নিমগ্র হইল এবং প্রণতি পূর্ব্তক নিবেদন করিল,
'যুবরাজ। সে দিনের কটিকা দেখিয়া আমরা মৃতপ্রায়
হইয়াছিলাম, ভাবিতেছিলাম কি বলিয়া দেশে কিরিয়া
যাইব এবং সকলেই স্থির করিয়াছিলাম যদি চন্দ্রকেতৃর

মুখ্লচন্দ্র দেখিতে না পাই, আর দেশে ফিরিয়া যাইবু না, আত্মহতা। করিয়া প্রাণত্যাগ করিব। আজ আপ-নাকে দেখিয়া আমরা জীবন পাইলাম। কুমার! আপনার সঙ্গিগণ কোগায় ? তাহাদের জন্য আমা-দের মন উৎকণ্ঠিত হইতেছে।

রাজকুমার দেনাগণের নিকট•বাত্যার বিষয় সমস্ত বর্ণন করিয়া মুহূর্ত্তকাল স্থির হইয়া, রহিলেন, নয়ন হইতে দর দর অভ্যধারা বিগলিত হইতে লাগিল; কণকাল পরে বলিয়া উঠিলেন, সৈন্যগণ। অবি ত প্রাণে বাঁচিয়া সোদাদিগকে পুনর্কার দেখিতে পাইলাম আমার বয়মাগণ কোথায় গেল অকবার অবেষণ কর। রাজপুলের আদেশ প্রাপ্তি মাতে সকলেই সমুদ্রকুলে অবে-যণ করিতে লাগিল, কিন্তু কাঁহার ও কোন সন্ধান পাইল না। রাজকুমার দিগিজয়ী হইয়াও বয়ুবিয়োগড়ঃখে বিষধানে সসৈন্য গৃহাভিমুখে যাত্রা করিলেন।

এদিকে স্থরাফে বীরঝাত চক্রকেতুর আগমনের বিলম্ব দেখিয়া পত্নীক সহিত আকার নিজা পরিত্যাগ করিয়া অহোরাত্র কেবল হা চক্রকেতো, হা চক্রকেতো তোকে কেন দিখিজয়ে পাচাইয়া, ছিলাম ? তোর মুখচক্র কি আর দেখিতে পাইব ? এই বলিয়া বিলাপ করিতেছিলেন। পুরবাদিগণ সকলেই নিরানক,কাহার ও মনে স্থ ছিল না। সকলে চক্রকেতু আদিতেছেন শুনিয়া আহ্লাদে ক্ষীত ছুইয়া রাজকুমারকে প্রভুলামন করিতে নগর হইতে বাহির হইল। রাজকুমার নগরে প্রবেশ করিয়া পুরবার্সিগণের জয় জয় শব্দের সহিত রাজভবনে উপনীত হইলেন। পৌরগণ তাঁহার মস্তকোপরি পুষ্পর্ফি করিতে লাগিল। আনন্দ হয়ুভি-ধনিতে নগর প্রতিধনিত হইতে লাগিল। রাজকুমার জনকজননীর চরণে প্রণতি পূর্বক তাঁহাদের নিকট অগদ্যোপান্ত সমন্ত বর্ণন করিলেন।

षिञ्जेश পরিচ্ছেদ।

स्नीन्। अंटिकांद्र ममत्र अंत्रीककानत्न स्वया মরকতভবনে সহচরীগণের সহিত নানাবিষয়ক কথো-পকথনে কাল হরণ করিতেছিলেন • ঝটিকা শাস্ত হইলে রাজনব্দিনী প্রিয়দখী চিত্রলেখাকে সম্বোধন করিয়া বলি-লেন, চিত্রলেখে। কি জানি আজ আমার মন কেমন চঞ্চল হইতেছে, প্রাণের ভাই স্থ শীলের ত কোন বিশন হয় নাই ? আশার অন্তঃকরণ কখন এরপ ব্যাকুল হয় নাই। আজ কেন এরপ হুইতেছে? চল চল শীত্র রাজভবনে গমন করিয়া স্থালের মুখচন্দ্রদর্শনে মনের বাক্লিত। দূর করি। স্থশীলকে অনেক কণ দেখি নাই সেই জনাই হৃদয় এইরপ উদ্বেগে আকুল হইতেছে। চিত্রলেখা উত্তর করিল, প্রিয়দ্ধি, এত ५क्षल इमान. श्विश्वकनारक कियु एक गा मिथिएल हे চিত্ত স্বভাবতই বাশ্বল হইয়া উঠে, ভয়মাই, চল, বিলম্ব করিব না, শীত্র গৃহে গমন করি।

অনন্তর রাজ্বালা চিত্রলেখার সহিত জরিভপদে রাজগৃহে প্রবেশ করিয়াই শুনিলেনু, পিতার প্রমানিত্র স্বাফ্রিরাজের তনয় চন্দ্রকেডু নে কাযোগে সিংহলে আসিতেছিলেন, নিশ্চরই এই প্রবলবাতে আক্রান্ত হইয়া জলে নিময় হইয়াছের। সিংহলরাজ মিত্রপুত্রের বিপদ আশকা করিয়া স্বয়ং মৃদ্ধিগণ সমভিব্যাহারে সমুদ্রতীরে গমন করিয়াছেন। স্থানীলা কহিলেন, সথি! স্বাফ্র রাজকুমার কি নিমিত্র সিংহলে আসিতেছিলেন? চিত্রলেখা উত্তর করিল, শুনিয়াছিলাম স্বরাফ্রন্পতি বীর-বাহুর এক মাত্র তনর চন্দ্রকেতু, দিখিজ্বর প্রসক্ষে ভারতবর্ধের দক্ষিণ সীমার উপনীত হইয়াছিলেন। তোমার পিতার সহিত বাণিজ্যস্ত্রে বীরবাহুর মৈত্রী আছে, রাজা রাজকুমারের অভ্যর্থনার্থ শ্রুসেনকে পাচাইয়া-ছিলেন। বোধ করি চন্দ্রকেতু মহারাজের সহিত সাক্ষাণ করিতে আনিতেছিলেন, পথি দৈব ম্বর্বিপাকে এই বিপদ ঘটিয়াছে

ত্শীলা এমন সময়ে শুনিলেন, পিতা রাজকুমারকে
সাগরতটে অচেতন পতিত দেখিয়া বহুকটে মুচ্ছাভদ্দ
করিয়া রাজভবনে আনয়ন করিয়াছেন। রাজবালা
অমনি সসম্রমে বলিয়া উঠিলেন, সথি। চল চল রাজকুমার
কেমন দেখিয়া আদি, এট বলিয়া রাজবালা সম্বর
বাতায়ন সমীপে গমন করিয়া দেখিলেন, রাজতনয় শয়ন করিয়া আছেন, ভৃত্যগণ তালয়ন্ত বীজন
করিতেছে। চিত্রলেখা স্বরাক্ররাজতনয়কে তদবস্থ
দেখিয়া বলিয়া টোঠল, সথি। দেখ দেখ, এরপ
অপরপ রপমাধুরী কখন দেখি নাই। আহা মরি!
মুখের কি মধুর ভাব। অবয়বের কি সুগঠন। বোধ
করি, বিধাতা মানদে এ অপুর্ধে স্কাল্ব্রুলর রপ সৃষ্টি

ুকরিয়াছেন। আহা গুরুত্ত সমীরণের দাকণ অন্তঃকরণে কৰণার লেশ নাই! সে কোন্ হৃদরে এ স্কুমার অবয়-বের ঈদৃশ শোচনীর ত্রবন্থা করিয়াছে! আহা! রাজকুমারের মুখ বিবর্ণ ও শরীর পাণ্ডবর্ণ দেখির। कमग्र विमीर्ग इकेटलट्ड, जवग्रदात जिन्द्रिमीय नार्वा-माधुरी यन ननभूक्षक ऋमग्राक आकर्षन करिए । স্থি! বোধ করি মহারাজ গৃহাগত • এরপ স্থােগা পারকে কখনই পরিতাা্গ করিবেন না। সুশীলা ক্রতিম কোপ প্রকাশ করিয়া উত্তর করিলেন, যী, আর ওরপ বচনভঙ্গিতে কাষ নাই তোর ভাব দেশে আন বাঁচি না, ভোর কথা শুনিতে চাইি না। কিন্তু মনে মনে চিন্তা কবিতে লাগিলেন এজনকে দেখিয়া মন এরপ বিকৃত হইতেছে কেন? ইহাঁকে আর নয়নের অন্তর করিতে ইচ্ছা হয় না। আহা! যদি পরবশ না হইতাম এখনই প্রাণনাথের ঐ চরণে শরণ লইতাম, চরণে শরণ লইলে প্রাণেশ্বর কথনই চেলিতে পারিতেন না। হা বিধাতঃ। এরপ পরবশ করিয়া কেন আমাকে পরওণে প্রলোভিত করিতেছিস্ ? হনয়নাথ ৷ ধর্মদাক্ষী কুরিয়া আজ আপিনাকে আত্মসমপণ করিলাম। যদি आश्वात के ठहरा छान शाहे ज्हीरन हाथित, नरहरू আঁপনার উদ্দেশে এ অমূল্য জীবন ধন বিসর্জন করিব।°

চিত্রলেখা রাজকুমারীর ভাব নিরীক্ষণ করিয়া বলিল, প্রিয়স্থি! রাক্ষ করিম্না, আমি কোতুক

করিতেছি না, প্রকৃত বলিতেছি তোদের পরস্পর মেলন ছইলে বিধাতার উভয়ের রপবিধানে মতু मार्थक इत्र। वार्थ करि श्रक्कां शिक एमरे डेस्कर मह তোদের হজনকে এরপ অলেকিক রপসম্পন্ন করিয়া-हिन। खुभीना विनिया छेित्सिन मिथ, आत की जूरक প্রয়োজন নাই, তুই রাজকুমারকে ক্ষণ কাল দেখতেও দিবি না? ছিত্তলেখা কছিল, স্থি! রাজত্নয় সুস্থারীর থাকিলে এখনই তোকে উহাঁর কোলে বসাইয়া আদিতাম। বলিব কি. তোর কপাল ভাল - ত্রুকেতৃ পীড়িত আছেন। স্থশীলা ক্রোধভরে . উত্তর করিলেন, পোড়ারমুখি, যা মুখে আস্ছে তাই বণ্তে আরম্ভ করেছিদ্। আমি আর এগানে তোর চাছে থাকিব না, মায়ের কাছে গিয়া তোর সৰ কথা বলিয়া দি। চিত্রলেখা বলিল স্থি ! রাগ করিস্কেন ? ভয় কি ? এখানেত আর কেউ নাই। আমার কাছে বলিতে লজ্জা কি ? ভয় নাই প্রকাশ করিব না, সধি সত্য করে বল দেখি, রাজকুমারতক দেখিয়া তোর অন্তঃকরণ কি প্রমুদিত হইতেছে না ? সুশীলা পুনর্বার সক্রোধে বলিয়া উঠিলেন, স্থিন্ যা, যা, আর ভালাদ্নে, তোর আমার সঙ্গে আর কথা কইতে হবে না,তোর ওসব রঙ্গের কথা আমার ভাল লাগে না ; যাই অন্তঃপুরে মায়ের কাছে যাই। রাজবালা তথাপি - শালীনতা প্রযুক্ত মনের ভাব বংক্ত করিতে পারিলেন না, রাজকুমারের প্রতি বার বার দৃষ্টি নিক্ষেপ করিতে করিতে শ্ন্যমনে অন্তঃপুরে প্রবেশ করিলেন। চিত্র-লেখা তাহার পশ্চাৎ পশ্চাৎ গমন করিল।

এদিকে চন্দ্রকেরু শান্তশীলের নিকট বিদার লইয়া বাদেশে প্রস্থান করিলেন। সুশীলা ক্রমপক্ষে শান-কলার ন্যার দিন দিন ক্ষাণ হইতে লাগিলেন। কিছু-তেই রাজবালার প্রবৃত্তি নাই, ভোজনে কচি নাই, দিনযামিনী সততই অনামনা, রাত্তে নিজা নাই, সগীদিগের সহিত আর প্রকৃত্তবদনে আলাপ করেন না, তাহাদের মবুঁর কথার আর মন নিবিষ্ট হয় হা প্রায় বিষয়ভাবে মৌন অবলম্ম করিয়া থাকেন। স্পীতল মরকতশিলার শরীবের তাপ শান্তি হয় না, স্কুমার কুসুম শরনও কণ্টক্ময় বোধ হইতে লাগিল। স্থীগণ স্থালার এইরপ ভাবান্তর ও চিত্তবিকার দেখিয়া অত্যন্ত উদ্বিশ্ব হইল, কেহই কিছু ঠিক করিতে পারে না।

অনন্তর একদিন চিত্রলেখা স্থালাকে নির্জনে ডাকিয়া জিজাসা করিল, প্রিয়সখি। সে দিন তার রাগ দেখিয়া কোন কথা জিজাসা করিতে ভয় হয়, আর জিজাসা না করিয়াও স্থাছির খাকিতে পারি না। তোর শরীর দিন দিন কাণ হইতেছে, মুখজী মলিন ও তার হয়া গিয়াছে। স্বর্ণ বর্ণ বিবর্ণ হইয়াছে, দেহে আর কিছুই নাই, আমরাও তোকে সহসা চিনিতে পারি

না. কিছু যেরপ গোলাপ বিবর্গ ও শুক্ষ হইলেও দাভাবিকী স্থান্ধিতা তাহাকে পরিত্যাগ করে না, সেইরপ কেবল লাবণাময়ী কান্তি এ অবস্থাতেও তোকে ছাড়ে নাই। সথি, তোর মলিনবেশ বিরহিণীর দাকণ অবস্থার অভকরণ করিতেছে। লজ্জা করিয়া আর কি করিবি ? 'আমার নিকট সতা করিয়া বল্ কি কারণে তোর এ অবস্থা ঘটিয়াছে ? পীড়ার যথাপ ভাব জানিতে পারিলে তাহার প্রতিকারের উপযুক্ত উপায় অহেবণ করিতে পারি। স্থি, মনের বিকার আর কেন গোপন করিয়া রাখিতেছিস্ ? তুই ও যণেরোনান্তি ক্রেশ পাইতেছিস্ জামাদিগকেও তোর কঠ্ট দেখিয়া কঠ্টভাগী করিতেছিস্।

স্পীলা দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিয়া বলিলেন,
সথি, তোর কাছে না বলিরা আর কার কাছেই বা বলিব,
কিন্তু বলিয়া কেবল তোকে কন্টভাগিনী করিব।
সথি, যে দিন তোর সক্ষে বাতায়নদার দিয়া সেই
রাজকুমার্রকৈ দর্শন করিয়াছি, সেইদিন অবধি আমার
চিত্ত তিনি অপহরণ করিয়া পলায়ন করিয়াছেন। চিত্তলেখা বলিল, সথি, আমি পূর্কেই বুঝিয়াছিলাম। এত
দিন আমাকে বলিস্ নাই কেন? স্থশীলা উত্তর করিলেন, প্রিয়সথি! এক্ষণে কি উপায় বল, হৃদয়নাথকে
না দেখিয়া আর মুহ্রকালও জীবন ধারণ করিতে
পারি না, এখন কি উপায়ে অবিলয়ে তাঁছার দর্শন

পাই। স্থি, যদি অচুরাৎ প্রাণবন্নভকে দেখাইতে না পারিস্ আমার জীবনের আশা পরিত্যাগ করিস। চিত্রলেখা বলিল, সখি! এত উত্লা হইস্না. যদি किছু मत्न ना करिन् अहेक्पा में महादारक दिक्छे তোর অভিপ্রায় ব্যক্ত করি। ভাগাক্রমে যোগাবরেই তোর অভিলাষ হইয়াছে। অথবা মহানদী সাগর পরিত্যাগ করিয়া আর কোখায় প্রস্তেশ করিবে, কুমু-দিনী শশান্ধকেই দেখিয়া প্রমুদিত হয়। চক্রকেতুর প্রতি তোর অভুরাণ জানিয়া তিনি কখনই ক্ট ছইবেন না, প্রভাত সন্তুষ্ট হইয়া যাহাতে শীর তোর মনোরুখ পূর্ণ হয় তদ্বিয়ে বিশেষ যত্ন করিছেন। একথা শুনিলে তিনি তৎক্ষণাৎ চক্রকেভুকে সিংহলে আনাইয়া তাঁহার হত্তে তোকে সমর্পণ করিবেন। স্থি। আদেশ কর আমি রাজাকে এ বিষয় নিবেদন করি। এ কথা সে সময় বলিলে মহারাজ তোমাদিগকে যুগলবেশে সুরাফ্রে পাচাইতেন। সুশ্বীলা উত্তর করিলেন সধি. আর জ্বালাস্ নে। এ সময় তোর চাট্ ভাল সাগে না। প্রিসস্থি। পিতাকে এবিষয় কিরপে অরগত করিব, তিনি শুনিয়া কি, মনে করিবেন ? আমি প্রাণান্তেও আমার মনের ভাব পিতাকে জনোইতে পারিব না। मिश, यिन जना कान डेभात थारक वन, नरह जामारक শ্রণ রাখিস্। চিত্রলেখা কহিল, আর অন্য কোন উপায় আমি ত দেখিতে খাই না। মহারাজকে বলিলে

হানি কি? তোকে ত অরং বৃলিতে ছইবে না, তেরে, তাতে লজ্ঞা কি? আমি এরপ স্কোশলে মহারাজের নিকট এ বিষয় ব্যক্ত করিব যে তিনি শুনিয়া অসম্ভই অথবা কিঞ্চিলাত্ত কঠ বা ক্ষিয় ছইবেন না। সবি! আর দ্বিত করিস্না। দিন দিন তোর শরীর অতিমাত্র ক্ষীণ ছইতেছে, বিলয় করিলে বিশাদের সম্ভাবনা আছে। কেন আর ইতন্ততঃ করিতেছিস্থ আয়াকে নির্ভিয়ে অভ্যানে অনুমতি কর, আমি নুপ্তির নিকট তোর মানাগত ভাব ব্যক্ত করিয়া শীষ্ট তোর কামনা পুরুকরিয়া দিব।

সুশীলা বিষয়মনে প্রস্তান্তর করিলেন, সথি। কেবল সজ্জা নয়, পিতাকে না বলিবার জারও একটা ওকতর কারণ আছে, এতদিন ভারে কাছে বলি নাই জার না বলিয়াও থাকিতে পারি না। সে দিন মায়ের মুথে কথায় কথায় শুনিলাম, পিতা কণ্টিরাজতনয় র্বকেত্রর সহিত আমার বিবাহ সধন্দ স্থির করিয়াছেন, জীবন থাকৈতে তাহার জনাথা করিতে পারিবেন না। বাকের জনাথা করিলে ক্ষত্রিয়ত্বলে কলম্প হইবে। ক্ষত্রিয়ের মানই পারম ধন, মানের কাছে জীবনকেও তাহার আতি কুচ্ছ জোন করেন, বিশেষতঃ আমার ক্ষতি পারিবনা। আমি নিশ্যে জানি তিনি চন্দ্রক্ষে আন্তরিক ভাল বাসেন। কিন্তু পুর্বেম না বুঝিতক কুকে আন্তরিক ভাল বাসেন। কিন্তু পুর্বেম না বুঝিতক কুকে আন্তরিক ভাল বাসেন। কিন্তু পুর্বেম না বুঝিত

্যুক্তি হউক, অথবা রাজনীতি অন্তগত কোন কারণবশতই হউক, যাহা করিয়াছেন কখনই তাহার অনামত করিতে পারিবেন না। মনের একান্ত ইচ্ছা থাকিলেও তিনি এ कलक क्षेत्र सीकांत कतित्व ना। मिथ ! अक मिनम ম্রেছমরী জননী চন্দ্রকেত্র সহিত আমার বিবাহের কথা মহারাজের নিকট প্রস্তাব করেন। পিতা তাখাতে অতিশয় ক্ৰন্ধ হইয়া মাকে যৎপরোনাস্তি छ भना करिक्रा ছिलन। (मरे निन अविधि मा मर्कानारे দ্রান্বদনে ও বিষয়ভাবে কালাতিপাত করিতেছেন, লাহারও সহিত হাঁসামুখে কথা কন না, আহার নিক্সা এককালে পরিভাগে করিয়াছেন, "দিন্যামিনী কেবল সক্ষবিস্জন করিতেছেন। ুসারও শুনিলাম চল্লকেতু কণ্টিরাজ্ঞে পরাজ্য করিয়া অলেণ্ডিক লাবণাবতী ভাষার প্রাণাদিকা নুষারী চন্দ্রকারীকে বন্দী করিয়া লইয়া গ্রিছিন, ভাষাতে দ্**কিণভারতবর্**ষর সমস্ত রাজ্ঞাণ অন্তরে চাটনা আছে প্রযোগ পাইলেই মিলিয়া অুরাফ্রাজতুমারের নিপকে যুদ্ধতাত্রা করিবে সকলেই স্থির করিয়াছে। স্থি ! এরপস্থলে পিতা প্রম্মিত্রের তত্ত্ব হইলেও চক্রীকেতুকে কিরূপে কন্যাদান করিতে পারেন ? এক ছহিতার জন্য সমীপত্ব প্রবলরাজ-। গণের সহিত শক্তবা করা রাজনীতিসঙ্গত কার্য্য নহে। পিতা আমাকে যথাৰ্থই প্ৰাণ অপেকাও অধিক ভাল বাসেন, তথাপি ক্ষত্তিয় কুলে জন্মগ্রহণ করিয়া আমার

নিমিত্ত রাজনীতিবিক্দ ও বাোকলজ্ঞাকর ব্যাপারে কখনই প্রবৃত্ত হইতে পারিবেন না। প্রিয়স্থি। দান করিলেই কি হুরাফ্ররাজকুমার আমাকে সহজে করাজ্যে লইয়া ঘাইতে পারিবেন? কথেও মনে করিদ না চক্রকেতৃকে আমায় দান করিলে দক্ষিণ-ভারতবর্ষের রাজগণ উদাসীন থাকিবে। তাহারা প্রাণ-পণে যোরতর বিতাহে প্রব্ত হইবে, প্রাণ থাকিতে ,চন্দ্রকৈভুকে স্থালারত্ব ভোগ করিতে দিবে না। চন্ত্রকেতৃ নিজ অলৌকিক পরাক্রমের দ্বারা সকলকে পরাজয় করিয়া জয়শ্রী লাভ করিতে পারেন অসম্ভব 'নহে., কিন্তু নিতাত অভাগিনী আমার কপালে সেরপ ষ্টিবে একমুছর্তের নিমিত্তও আশা করিতে সাহস হর না। স্থি!রাজকুমার পরাজিত হইলে आभारक छित्रकांल वस्ती इहेता कान इर्गम इर्गमरशा কাল্যাপন করিতে হইবে, নচেৎ কণ্টরাজতনয়কে অনিচ্ছাপূর্বক করদান করিতে হইবে। সথি! আমি ধর্মসাক্ষী করিয়। চন্দ্রকেতুকে আমার সর্কারদান করি-রাছি, এদেহে তাঁহারই সম্পূর্ণ অধিকার আছে, আমার শরীরে অপরের করম্পর্ণ হইলে আমি প্রাণ রাখিতে 'পারিব না, তৎক্ষণাৎ জীবন পরিত্যাগ করিব। প্রিয়-স্থি। যদি আমাকে বাঁচাইতে ইচ্ছা থাকে শীত্ৰ জন্য কোন উপায় উদ্ভাবন কর, হৃদয়বলভকে না দেখিয়া আর জীবন ধারণ করিতে পারি না, কোন উপাত্তে ুজাঁমাকে স্থরাফ্রে লুইয়া চল। জীবিতনাথ পদি আমাকে প্রণায়িনী বলিয়া স্থীকার না করেন, দাসী হইয়ানিত্য তাঁহার চরণ সেবা করিব, তাঁহার মুখচন্দ্র দেখিলেই আমার চিত্ত পরিতৃগু থাকিবে, অধিক আশা করি না।

চিত্রলেখা সবিষাদে উত্তর করিল, সধি ! তুই আমাকে বিষম সম্ভটে ফেলিলি। তোর কষ্টও আর দেখিতে পারি না, কি করিয়াই বা তোকে গোপনে স্থরাফ্রে লইয়া যাই তাহাও স্থির করিতে পারিতেছি না। সথি! জ্বলন্ত অনলশিখা কি কখন অঞ্চলে ঢাকিয়া লওয়া যার ? স্থ্রভা কতক্ষণ মেষে অপ্রকাশ গা্কে ? স্থি! ডুই অশোক কানুনের মরকতভ্বন হইতে পা না বাড়াইতে বাড়াইতেই সকলে জানিতে পারিবে। অবিলয়ে একথা মহারাজের কর্ণগোচর হইবে। वाका बवाशाद खनित्न कि आभारक थारन वाशितन, না তোকে ও আর বিশ্বাস করিবেন ? সধি! তুই আমাকে প্রাণে মারিতে উদাঁত হইয়াছিদ্। পরিণামে তোর প্রিরসধী বহুদিনের প্রণয়ের এই ফল লাভ করিল! দ্বি ! এমন কার্য করিতে আমাকে অন্নরোধ করিমু না। আুমাকেও প্রাণে মারিবি, আপনিও পিতার ক্রোধ-ভাজন হইয়া চিরকাল বহুতর কফ্ট পাইবি। সুশীলা 'উত্তর করিলেন, প্রিয়স্থি ! তবে আমাকে বিষ আনিয়া (मः, शांन कतिता थांग भौतेजांग कति। मशि। यथन या

বলিয়াছি তথনই তাই করিয়াছিন, কখন দিকজি, করিন্নাই। আমার দিবা, এই শেষ অন্তরেম্বটী রক্ষা করিয়া আমার সকল কন্ত নিবারণ কর্। এই বলিয়া রাজবালা এক দীর্ঘ নিশাস পরিত্যাগ করিলেন।

চিত্রলেখা সুশীলার বাকা শুনিয়া অচেতনপ্রায় खखवर मधात्रमान बंहिल, धवर मत्न मत्न हिन्छ। कविएड লাগিল, স্থি। উই কি সর্ম্মাশ করিতে বসিয়াছিদ্। .হা বিধাতঃ, তোর মনে কি এই ছিল ? এই নিমিত্তই কি চক্তকৈ তুকে সিংহলে আনিয়াছিলি ? হায় ! আন্ত **इहेन्!** এতদিনের পর রাজলক্ষী স্শীলাবেশে স্থবর্ণপুরী পরিত্যাগ করিলেন। বুঝি আজ শান্তশীলের সন্ততির অবসান হইল। স্থালার বিয়োগে স্থাল কখনই প্রাণে বাঁচিবে না। রাজমহিষী পুত্র কনা বিরহে তৎকণাৎ প্রাণ পরিত্যাগ করিবেন। মহারাজ সন্ততি ও কলঅবিহীন হইয়া কদীচ শরীর ধারণ করিতে भातित्वन ना। दा स्नील। पूरे भिज्वश्म वश्म করিতে সিংহলরাজ-কুলে জন্মগ্রহণ করিয়াছিল। হা বিধাতঃ! কি সর্বনাশ করিলি ? ছারা এই মুহর্তেই আমার मृजा हरेल जागाएंक जात निःश्वतारकात जन्मान ' স্বচন্দে দেখিতে হয় না। এক্ষণে কি উপায়ে প্রিয়সখীর প্রাণরকা করি, চন্দ্রকেতুর দর্শন বাতীত রাজকুমারীর জীবনের অনা উপায় নাই। সুরাফ্রে গমন বাতিরেকে

্চল্রকেত্র দর্শনেরও চপায়ান্তর নাই। কিরুপেই বা थिशमधीरक स्वारक नरेशा यारे। अनिशाहि स्वाक्र (मर्मंत्र विनिकर्गन वानिका छेशन क मर्खनाई मिश्हरन গতারাত করিয়া থাকে। যদি ছই এক দিনের মধ্যে কোন নেকা স্থরাফ্রে গমন করে, যে কোন উপায়ে इडेक, मिह तोकाम मशीक स्रनाट्ये नहेमा यहिए পারিলে ইহার প্রাণ বাঁচাইতে পারি। পরে কি হইবে म जानना अकरन मृत्र कित्र उ इहेरन। किन् अरनरमे. हिक्के। क्रिति अहिता ममख थकान इहेरव, क्रानित्र शहे সখীর মনোরথ সম্পন্ন করিতে পারিব না। পুক্রের (वर्ग शांत्रण कतिया जामारक ७ इकेंत्रकार्यामाध्य क्रिका করিতে হইবে। সধীকে আমার স্বজন বলিয়া পরিচয় দিতে ছইবে। চিত্রলেখা মনে মনে এই স্থির করিয়: मशीरक वनिरनन, सुभीरन ! किश्र किश देश्या अवन वन কর, আমাকে একবার বিদায় দে, কোন উপায় ভির করিয়া শীত্র ফিরিয়া আদিব গী স্থশীলা কহিলেন আদিতে বিলম্ব হইলে তোর প্রাণের স্থীকে আর দেখিতে পাইরি না, যা হয় শীত্র আসিয়া আমাকে সহাদ দিস, সামি পথ চাহির্গ রহিলাম।

চিত্রলেখা উত্তর করিল, সবি ! অঁধীর হস্না, আমি এখনই কিরিয়া আসিব। এই বলিয়া সখীর নিকট বিদার লইয়া গোপনে বেশপরিবর্ত্তন করিয়া চিত্রলেখা সমূদ্র তীরে গমন করিল এবং সেখানে অনেক অনুসন্ধানের পর

জानित्त भातिम, धनभित नामर्य विशेषकत त्रीका (महे) রাত্রেই সিংহল হইতে যাত্রা করিবে। সেত্তক্ষণাৎ নাবি-কের নিকট গমন করিয়া বলিল, ভক্ত ! শুনিলাম তুমি जना खत्रारके बाजा कतित्व। जामि खत्राकेवानी नक्षी-বর্দ্ধন নামে বণিকের ভৃত্য, ভাঁহার সহিত এখানে আসিয়াছিলাম; প্রায় একমাস ছইল আমরা বত-মূল্য ক্রবাজাতপূর্ণ দশ ধানি নেকি৷ সুরাফ্রে পাচাইয়া-ছিলাম; এবং সুরাফ্র হইতে বার খানি বোঝাই त्मीका निश्हाल **आगिराउ**हिन। आगारनद सामी বিশেষ লাভ প্রত্যাশায় সমস্ত সম্পত্তি ঐ সকল ক্রবা-कत्य विनित्यां जिल्ल केरियां हिलन। निजां छ अनुके-বশতঃ হুরন্ত ঝটিকায় সম্ভ নে কিংগুলিই মারা গিয়াছে। অদা সাত দিবস হইল প্রভু সর্বস্থনাশের দারুণ সংবাদ পান। দেই অবধি কেমন তাঁহার চিত্তক হইল একেবারে আহার নিত্র। বাক্যালাপ সমস্ত পরিত্যাগ করিলেন। তিনি পরশ্বঃ সন্ধার পূর্বে পরলোক গমন ক্রিয়াছেন।

তিনি তাঁহার একমাত্র ছহিতা বস্থমতীকে অত্যন্ত ভাল, বাগিতেন, নয়নের অন্তর করিতৈ পারিতেন নঃ, আদিবার সময় ইহিতাকে সজে লইয়া আসেন। বস্থমতী পিতৃবিয়োগে হৃতপ্রায় হইয়া জননীকে দেখিতে অতিশয় উৎস্থক হইয়াছেন, অনেক বুঝাইলাম কোন মতে আর এখানে অপৈকা করিতে চাহেন না,

ভাষার শরীর অত্যক্ত কীণ হইয়াছে, এমন কি-আর এক দিন অপেক্ষা করিলেও তাহার বিপদ সস্তাবনা। স্বরং নেকা করিয়া যাই এরপেও সঙ্গতি নাই, ধনের মধ্যে বস্মতীর কয়েক খানি অলক্ষার আছে, অন্য সম্পত্তি কিছুই নাই। শুনিলাম তুমি অদ্য নেকা ছাড়িবে, যদি আমার প্রভুকন্যাকেও আমীকে তোমার নৌকার লইয়া যাও বিশেষ উপকৃত হই গুবং তোমাকেও. স্বরাক্তে যগাশক্তি পরিতৃষ্ট করিব।

নাবিকেরা অভাবতঃ প্রায়ই লম্পটঅভাব হয়, ধনলোভও তাহাদের বিলক্ষণ প্রবল থাকে। নাৰিক-চীর নাম লখোদর। লখোদর মনে মনে চিন্তা ক্রিতে नाशिन, कठिकि? अमन स्याश कनहे हाड़ि? বণিকের কন্যা অবশ্যই পরমন্তব্দরী ছইবে, তাহাকে দেখিয়াও নয়নদ্বয় সার্থক করিব। কিছু অর্থ লাভেরও সম্ভাৰনা আছে, এমন স্থবিধা কি বুদ্ধিমান বাজি ছাডিয়া দেয় ? এইরপ পছর করিয়া নাবিক উত্তর क्रिन, उप्र! आपि लोगानिगरक नहेंगा याहेल সমত আছি, আমার নেকি অতি রহৎ, ইহার ভিতরে ,তিন চারিটা কুঠারি আছে, একটা স্বতন্ত্র ঘর তোমা-निगरक ছाড़िय़ा निव। आमारक कि निरव मिछ। भूर्स्स् স্থির করিয়া রাখা ভাল, পরে গোলবোগ না হয়। जामि তোমাদিগকে অতি मार्रशास नहेशा याहेब, আমাকে কুড়িটা মুদ্রা দিতে হইবে। চিত্রলেখা তাহা-

তেই পামত হইল। নাবিক মনে গৈনে ভাবিতে লাগিনি । আরও কিছু অধিক চাহিলে ভাল করিতাম; যাহা হউক যা হইবার হইয়াছে, কিছু এখনও হাত আছে, সুরাফুে যোড় দিয়া আরও কিঞ্চিৎ লইতে হইবে।

অনস্তর চিত্রলেখা আপনার গৃহে নিজবেশ ধারণ পূর্বক পরিতপদে 'সুশীলার নিকট গমন করিয়া मिथिल, बाजवाना श्रथ शांत्व हाष्ट्रिया प्राप्त मधायमान আছেন। চিত্রলেখা রাজকুমারীর নিকট উপস্থিত হইয়া বলিল, প্রিয়দ্ধি! তোর মনোরথ দিছ করিবার উপার স্থির করিয়া আদিয়াছি, অদা রাত্রেই স্থবর্ণপুরী পরিত্যাগ করিয়া যাত্রী করিতে হইবে। স্থি। এখন কি উপারে তোকে গোপনে লইয়া যাই। সবি । আমার क्रमञ्ज काँ शिर्टाइ, कशास्त्र कि चिंदिर विन्तु शादि ना। আমি পুরুষভূতাবেশে নাবিকের নিকট গমন করিয়া-ছিলাম। অনন্তর সে যে যে কেশিলে কার্যাসিত্তি করিয়া আসিয়াছিল, সমস্ত আদ্যোপান্ত স্থলীলাকে অবগত क्रिन.' এवं मधीरक मामाधन क्रिया विनन मिर् यमा तकनीरगारगरे नाविक त्रीका श्रुमित्व, गमत्नद উদ্যোগ কর।

• সুশীলা চিত্রলেখনের প্রতি যৎপরোনান্তি পরিভৃষ্ট ইইয়া বলিলেন, সখি! ধনা তোর বুর্দ্ধিকৌশল! এই স্থবৰ্ণহার তোকে পারিতোবিক দিলাম। সথি! উদ্যোগ আর কি করিব, এখন উদ্যোগ করিয়া যাই- ्रभेद मगत्र नटर । श्रित्र १ । जननी मगमाम गर्ड शादन করিয়াছেন, এতদিন অসহ্য কষ্ট ভোগ করিয়া আমাকে মাতৃষ করিয়াছেন, পিতা প্রাণের অধিক ভাল বাসেন, স্শীল জামাছাড়া এক মুহর্তত থাকিতে পারে না, কেমন করিয়া তাহাদিগের সকলকে পরিত্যাগ করিয়া यादेव ? मन्नथ ! তোর इब्बंग्न मात्रातक वनवर्डिनी হইয়া, জন্মনাতা পিতা, স্বেহমনী জননী এবং প্রাণের ভাই স্থানিকেও পরিত্যাগ করিয়া কণমাত্র-পরিচিত অজ্ঞাতশীল পরের উদ্দেশে হ্ররন্ত সাগরনীরে শরীর ভাসাইতে উদ্যত হইয়াছি; রে অন্দ! তোর শ্রীর নাই, এ হরন্ত বল কোখার পাইলি ? মাতঃ ! এ কাল-ভুজদীকে ভন্যভুগ্ধ দিয়া কেন পোষণ করিয়াছিলি ? * পরিশেষে তোরই স্বন্ধ দংশন পূর্ব্বক তোকে দাৰুগ শোকবিষে দ্বর জ্ব করিয়া পলায়ন করিল! মা তুই এখন ও জানিস্না, তোর বড় আদরের মেয়ে তোর সর্বনাশ করিতে বসিয়াছে। পিতঃ, তোমার প্রাণের ছহিতা আজ তোমাঁকে ছাড়িয়া চলিল, এঁতদিন রখা আমাকে প্রতিপালন করিয়াছিলে! ভাই সুদীল। ভোকেও ছার্ডিয়া চলিলাম! ভোকে এক মুহুর্ত্ত না मिथित **उ**ष्ट्रीक गृंगा मिथिजाम ! शांग | आमात • সে অমায়িক সরল ভাব কোখার গেল ? ভাই, আমার জন্য অধীর হইলা যেন জীবন হারাস না! তুই এখন জনক জননীর একমাত্র ধন রহিলি,

দেখিন আমাবিছনে যেন তাঁহারা প্রাণ পরিত্যাগ নিচুণ করেন। ভাই, যদি তোরা প্রাণে বেঁচে থাকিন, ছত-ভাগিনী স্থালা জীবিত আছে কি না, একবার অত্ন-সন্ধান করিন ! আমি প্রাণনাথের আশায় জীবনাশা পরিত্যাগ করিয়া বাহির হইলাম। যদি তাঁর পদতলে কথন স্থান পাই 'তোদের অত্সন্ধান করিব নচেণ্ স্থালা জন্মের মত বিদায় হইল। রাজবালা এই বলিয়া নয়নজলে পরিপ্লৃত হইয়া খেদ করিতে লাগি-দেন।

্র ক্রমে রজনী উপস্থিত হইল। 'স্শীলা পুংবেশ ধারিণী চিত্রলেখার 'সহিত অতিগোপনে নৌকার গমন করিলেন। নাবিক অ্তুকুল বারু দেখিরা রাত্রেই নৌকা খুলিয়া দিল।

তৃতীয় পরিচ্ছেদ

নৌকা অভুকূল বায়ুযোগে প্রভাতের পূর্কেই বছ-দূর অতিক্রম করিল। নাবিক বণিক্-কনাার দর্শন লালসায় উৎস্থকচিত্তে রাত্রিশেষ প্রতীক্ষা করিতেছিল; अञ्चलात अखर्डिज इहेनामां कार्यानारक मौकात মধ্যে প্রবেশ করিয়া দেখিল, বস্থমতী করতলে কপোল বিন্যাস করিয়া বিদিয়া আছেন, তাহার মুখমগুল অব-ওঠনে ঈষণ আহত থাকিয়া অৰুণাৈদরে অধ্বিক্সিত কমলের কমনীয় কান্তি ধারণ করিয়াছে। লখেদের সুশীলার সৌন্দর্যাদর্শনে মুদ্ধ হইয়া একদৃষ্টে তাইার পানে চাহিয়া রহিল। রাজবালা লজ্জাবশতঃ মুখ ফিরাইয়া লইলেন। নাবিক স্বস্থানে আসিয়া মনে মনে চিন্তা করিতে লাগিল, এরপ রপলাবণ্য ত কখন দৃষ্টি-গোচর করি নাই। ধন্য বিধাতার নিশ্বাণ কৌশল। এরপ সৌন্দর্যাত মাতৃষীর দেখি নাই! কমলা কি প্রসর হইরা আমার 'নোকার অদ্য অধিষ্ঠান করিয়াছেন ? কসুনার কি দেড়ি ৷ নাবিকের বেঃধ হইল যেন তাহার দক্ষিণ বান্ত স্পব্দিত ছইতেছে। নাবিক ভাবিতে লাগিল দক্ষিণ বাস্থ থাচিতেছে কেন? বুঝি আমার কপাল ফিরিয়াছে, বোধ করি আমার জনাই বিধাতা এই ললন:-

तक भारतिका नियाहिन। अमन पीमूना तक शास्त (भर्म) কি ছাড়িতে পারি ? ৃসমতি পূর্বক না গ্রুক, ছলে বলে কি কোশলে, যে রূপে হউক, এ কন্যাধন আমাকে লাভ করিতেই ছইবে। আমি কিসেই বা অঁথোগ্য ? কুৎসিত নহি, কিঞ্চিৎ ব্লুপের ছটাও আছে, টাকাও কিছু সংগ্রহ করিয়ার্ছি, যদারা স্বয়ং বাণিজ্ঞা করিলেও করিতে পারি; • এবং লোকপরম্পরায় শুনিয়াছি, আমি প্রভু ধনপতির ঔরসজাত, সেই জনা স্বামী আমাকে এত ভাল বাসেন, স্থতরাং জাত্যংশেও নিকৃষ্ট নহি। যাহা হউক, কি উপায়ে বণিক-কন্যার নিকট আপন অভিপ্রায় ব্যক্ত করি। স্বন্ধরী আমার •পরিচয় পাইলে আমাকে কুর-দান করিতে কখনই অসমত হইবেন না। বণিককন্যার পিতার সর্বস্থ নষ্ট হইয়াছে, এসময়ে অর্থের লোভ দেখাইলেও আমার অভীষ্ট দিদ্ধির সম্ভাবনা আছে। কিন্তু এই পাপবেটাকে কিরপে অপসারিত করি, এ বেটা জানিতে পারিলে কখনই এ কার্য্য সম্পন্ন হইতে দিবেনা। উত্থার মনেই বাকি আছে তাহাই বা কে জানে? যাহা হউক এক্ষণে কি উপায়ে বস্থাতীর মনের ভাব অব-·গত হই ? বণিক্কন্য আমাকে দেখিয়া মুখ ফিরাইয়া-ছিল; শুনিয়াছি এটা প্রথম অভুরাণের চিহ্ন। আমার মনোরখনি নিতান্ত অসম্ভব নছে। এইরপ ভাবিতে ভাবিতে দশ দিন অতীত হইল। লহোদঃ

অন্ধান অভিপার ব্যক্ত করিবার কোনরূপ হসোগ পাইরা উঠিল না।

পর দিন প্রাতে চিত্রদেখা নাবিককে সম্বোধন করিয়া বলিন্দ, ভদ্র! যে আহারীয় দ্রব্য আমাদের সঙ্গে ছিল কল্য নিঃশেষিত হইয়াছে। যদি একটা বাজার দেখিয়া আমাকে তীরে উঠাইয়া দেও, আমি কিছু ভোজনদ্রব্য ক্রয় করিয়া আনিতে পারি।

লখোদর মনোরথসিত্তির অবসর বুঝিয়া একটা বন্দর পাইবামাত্র ব্যথা হইয়া নৌকা তীরে লাগাইল। চিত্রলেখা ও অন্যান্য নাবিকগণ আহারীয় সামগ্রী ক্রয় করিতে উপরে উঠিল। তাহারা দৃষ্টিপথ অতিক্রম করিলে নাবিক সুশীলার নিকট আদিয়া কিরৎক্ষণ মেনিভাবে থাকিল। স্থীলা তাহার হুষ্ঠ অভিসন্ধি দেখিরা কম্পা-থিতকলেবরে মুখ ফিরাইয়া অধোবদনে রহিলেন। नाविक ज्ञानकका शास प्रव्यत विनया केंद्रिन, ज्ञानित ! আমি জাত্যংশে নিক্ট নহিঃ শুনিয়াছি প্রভু ধনপতির ঔরস জাত। সেই নিমিত আমার রূপেরও কিঞ্চিৎ মাধুরী আছে। স্বামী আমাকে অতিশয় ভাল বাদেন, তাঁহার অনুগ্ৰহে অৰ্থও বিলক্ষণ সন্তুহ করিয়াছি, ইচ্ছা হটুলে यग्न रे वानि एका अञ्च रहेट भाति। विभाजा विमूध मा . इरेल, ताथ कति जिहता विभिष्ठे धनगानी इरेव। যদি অত্কশা করিয়া এজনের মনোরথ পূর্ণ করেন চিরকাল পদানত দাস হইয়া থাকিব।

সুশীলা নাবিকের হ্রন্ত বাঞ্চা অবণ করিয়া বজানু,
হতের ন্যায় অবাক্ হইয়া রহিলেন। নয়নদ্বর হইতে
দর দর বারিধারা বিগলিত হইতে লাগিল। রাজবালা মনে মনে চিন্তা করিতে লাগিলেন, হা বিধাতঃ!
তোর মনে কি এই ছিল ? এই অধম জাতি নাবিক
ও নিঃশন্ধচিত্তে আমার করপ্রহণ প্রার্থনা করিতে
সাহসী হইতেছে? হায়! হতভাগিনীর কপালে
কত হঃথ আছে বলিতে পারিনা। লঙ্কেশ্বরি!
আপনাকৈ সাক্ষী করিয়া চন্দ্রকেত্র চরণে আস্কসমর্পণ করিয়াছি, আপনাকে শ্রণ করিয়া প্রাণনাথের
উদ্দেশে প্রান্তর সাপরে ভাসমান হইয়াছি, দেখিবেন
বেন কলঙ্কেনী নামে কলঙ্ক না হয়।

নাবিক বস্থাতীকে তদবস্থ দেখিয়া প্নর্কার বলিল,
সুমুখি! ভাবিতেছ কি? শক্ষা কি? মুকুটরডের নাায়
তোমাকে মাধায় রাখিব, কিছুমাত্র ভয় করিও না,
আমাকে বরণ কর, চিরকাল পরম স্থাবে কাল যাপন
করিতে পারিবে, কথনও অর ব্যারের কর্ম্য পাইবে না,
রাজমহিষীর নাায় পরমসমাদরে রাখিব। ইতাবসরে
চিত্রলেখা ও অন্যান্য নাবিকগণ আহারীর দ্রবা
লইয়া নৌকায় প্রত্যাগত ছইল। লঘোদর পদশল
শুনিবামাত্র ঘরিতপদে অস্থানে প্রতিনির্ভ ছইল,
অনন্তর সকলে নৌকায় উঠিলে নদ্ধর তুলিয়ানোকা
শুলিয়া দিল।

ি চিত্রলেখা প্রিয়সধীর সমীপে গমন করিরা দেখিল, রাজবালা বিরুস্বদনে জ্রন্ধন করিতেছেন। সহচরী নৃপনিদ্দিনীর বিষয়ভাব দেখিরা অতিশয় ব্যাকুল হইরা জিজ্ঞাসা করিল, স্থি! কি কারণে আজ অধোমুখে অঞ্চবিসর্জন করিতেছ? জননীকে কি মনে পড়িয়াছে? পিতার জন্য কি হৃদর চঞ্চল হইতেছে? প্রাণের ভাই স্থালের নিমিত্ত কি অন্তঃকরণ বাক্ষুলিত হইতেছে? শ্বি। শীত্র উত্তর দিরা আমার মনের উদ্বেগ নিবারণ কর। স্থালা কাঁদিতে কাঁদিতে গলিলেন, স্থি! বলিব কি, সর্বনাশ উপস্থিত, বুঝি এত দিনের পর জাতি কুল মান সমস্ত প্রাইতে হইল। এই বলিয়া রাজবালা নাবিকের রতান্ত সমস্ত স্থীর আবণ- গোচর করিলেন।

চিত্রলেখা নৃপবালার বাক্য শুনিয়া কণ কাল স্তর্জ হইরা মনে মনে ভাবিতে লাগিল, এসময় আমি হতসাহস হইলে আর সংকিকে কোন মতেই বাঁচাইতে
পারিব না। পরে বাহা হউক আপাত ইং ইহাকে
সাহস প্রদান কর্ত্তরা। সে মনে মনে এই ছির করিয়া
স্থীকে সম্বোধন করিয়া বলিল, স্থি! ভয় কি!
এত ব্যাকুল হস্ না, নাবিক সহসা কথনই বলপ্রকাশ করিতে সাহসী হইবে না। তুই নিশ্চিন্ত থাক্
আমি বুলি-কোশলে উহাকে ভুলাইয়া রাথিয়া তোকে
নির্মিরে স্থনাক্রে পেটছিয়া দিব। আমার প্রাণ

থাকিতে তোর কোন চিন্তা নাই। স্থালা উত্তর করিলেন, সথি! কেবল তোকে অবলম্বন করিয়া প্রাণবল্পতের
উদ্দেশে সমস্ত বিস্কান করিয়া আসিরাছি। দেখিস্
যেন জাতি কুল না হারাই। সথি! ইচ্ছা হইতেছে
সমুদ্রে ঝাঁপ দিয়া সমস্ত কন্ধী নিবারণ করি, আর র্থা
আখানে কাব নাই, নাবিকের ভাব দেখিয়া আমি হতজান হইয়াছি, স্নার এক মুহূর্ত্ত প্রাণ রাখিতে ইচ্ছা
হইতেছে না। স্থি! কি অশুভক্ষণেই গৃহ হইতে প্র
বাড়াইরাছিলাম? কপালে কি আছে বিধাতাই
জানেন। স্থি! তোর ভরসাতেই বাটী হইতে
বাহির হইয়াছি; দেখিস্ যেন জাতি কুল না হারাই।
চিত্রলৈখা বলিল, স্থি! নিশ্চিন্ত থাক্, আমার প্রাণ
থাকিতে তোর কোন ভাবনা নাই"।

এইরপে কিছুদিন অতীত হইল। নাবিক মনোরথসিন্ধির অন্য উপায় না দেখিয়া পরিশেষে চিত্রলেখাকে
বিনষ্ট করিবার সঙ্কপা করিল। এক দিন চিত্রলেখা
রাত্রে নিদ্রিত শয়ন করিয়া আছেঃ ছরভিসন্ধি নাবিক
তাহাকে তদবস্থ সমুদ্র-জলে নিক্ষেপ করিল। সহচরী
চিরকালের মত সাগরগর্ভে প্রবিষ্ট ছইল।

চিত্রলেখা প্রতিদ্ধিন গাত্রোত্থান করিবামাত্র স্থানী-লার নিকট গিরা তাছাকে জাগরিত ও আত্থাসিত করিতেন। সেদিন স্থালা নিজ্ঞান্তক ছইলে মনে মনে চিন্তা করিতে লাগিলেন, আজ্ঞ-প্রিয়সখী এখনও আসি-

ভেছে না কেন ? সধীৰ উঠিতে কখনও এত বেদা হয় না, সে প্রভাত হইবা মাত্র প্রথমেই আমার নিকট আসিয়া আমাকে জাগরিত করে। আজ প্রিয়সখী কেন বিলম্ব করিতেছে ? নাবিকের হুরভিপ্রায় ভাবিয়া আমার হুদর কম্পান হুইতেছে, এ অবস্থার সধীকে হারাইলে আর আমার নিস্তার মাই। দক্ষিণ নয়ন ম্পন্দিত হইতেছে কেন? বিধাতা কগালে আরও কি प्रेहोरेदन वनित्र भाति ना। हा विशाणः ! अथन ७ कि তোর মনকামনা পুর্ণ হয় নাই ? স্থালা এইরূপ ভাবি-তেছেন, এমন সমারে নাবিক তাহার সমুখে উপস্থিত इरेशा जम्नान-वनत्न विनशा छेळिन, सुनशनि ! जात ভাবিতেছ কি? তোমার যে চাকর বেটাকে কল্য রাত্রে নিকাশ করিয়াছি। ভয় কি ? ভাবন। দূর কর, আমি তোমার ভূত্য, সশুধে দণ্ডারমান আছি, বধন যে আজা कतिर्दन अविलक्ष मन्गामन कतिव। श्रुलांहरन! আমার প্রতি একবার স্কোচনে দৃষ্টিপাত কৰুন; এ ভূত্য চিরকালের মত চরিতার্থ হউক। স্থন্দরি ? আমাকে নিতান্ত সামান্য জ্ঞান করিও না, নিতান্ত নিঃম্ব বিবে-চনা করিও না। দশসহত মুদ্রা এই সিদ্ধুকে সংগৃহীত আছে, দ্বিতীয় সিমুকে বছ্মুল্য অনেক টাকার বঞ্চাদি আহে; বহুক্ষে এ সমস্ত সংগ্রহ করিয়াছি, এ সমস্তই তোমার। এই সিন্ধুকের চাবি হুইটী লও, এ ভৃত্যের প্রতি একবার অনুকূল দৃষ্টি নিক্ষেপ করিয়া জীবন দান কর।

स्नीम। नाविरकत मूर्थ मान्न वाका खेवन कतिकी মাত্র মৃষ্ঠ্রপির হইরা পড়িলেন। নাবিক শলব্যস্ত হইর। তালরস্ত আনয়ন পূর্বক দৃর হইতে বাতাস করিতে লাগিল। কিন্তু সতীত্ব ধর্মের অনির্বাচনীয় মাখাত্ম্য বলেই হউক, নাবিকের স্বীয় হীন-ক্লাতিত্ব বোধেই হউক, इक् व नरवामत मंद्रमा स्नीनात मगीरण गमन कतिएउ কিয়া তাহার গাল্পশর্শ করিতে সাহসী হইল না। অনেক কণ পরে রাজবালার চেত্রনা হইলে তাহার নয়নহইতে অবিশ্রস্তি বারিধারা প্রবাহিত হইতে লাগিল। নুপ-निमनी छेटेकः खरत काँ मिर्छ शार्तन ना, अकिनरक হুঃসহ সখী-শোক, জদিকে বর্ত্তমান আসর বিপদ্ ভাঁছার ছদরকে জর্জারিত করিতে লাগিল। জীবনের স্থদ্ট वस्तन वभठरे रूछेक, मजीवं धत्यंत्र माराखा अनर्मनार्थर হউক, হুরাচারের সমুচিত শাস্তি প্রদান জনাই হউক, মৃপনন্দিনী প্রাণে বিযুক্ত ছইলেন না। ছরাচার নাবিক কুমারীর এই অবস্থা দেবিয়া কণকাল অবাক্ হইয়া রহিল, কিঁন্তু তথাপি আপনার 'ছরভিসদ্ধি পরিত্যাগ করিতে পারিল না। ছর্কৃত্ত কিয়ৎক্ষণ পরে স্থশীলাকে সংখাধন করিয়া বলিল, স্কারি ! "আদা সমস্ত দিন , তোমাকে বিবেচনা করিতে সময় দিলাম, সন্ধার পর जामात मत्न या जाह्इ मन्नामन कतित। धरे विनश লম্বোদর স্থীলার নিকট হইতে যথাস্থানে প্রত্যারত इहेन।

্ অনাথা, অশরণা, দীনহীনা, নিৰুপায়া নৃপরালা এই নিদাৰণ হুরুবছায় পতিত হইয়া কপালে করাযাত পূর্বক মনে মনে খেদ করিতে লাগিলেন :---

> नृशेवाना इरेशा अधीतः, অনিবার নেত্রে বহে নীর, শিরে করাঘাত করে, মুখে নাহি বাক্ সরে, সধী-শোকে অবশ শরীর॥ একাকিনী একি যোর দায়. कौन मिटक ना मिथि छेशांग्र, হুরম্ভ নাবিক তায়, সতীক নাশিতে ধায়. একমাত্র কুতান্ত সহায়॥ (পाड़ा विधि। कि मार्य विश्वन, मिनि भात क्षांत जाधन, কি দোষ করিন্থ তোর, বিপদ ঘটালি খোর, হার বিধি। একি তোর গুণ॥ **हस्य भारत इत्या आकारण**, পূর্ণ ভাবে সতত বিকাশে, তবু কেন অন্ধকার, দেখিতেছি অনিবার, मथी-लाक रातिशाह भारम ॥ ছার, মম প্রাণ-সহচরি।

> > কোথা গেলি, স্থি! পরিছরি

্ আমার প্রান্তর মাঝে,এই ক্লি লো তোর সাজে ?:

দিলি শেল ছদ্য বিদরি॥

হার! বিদীপ হয় ছদ্য,

কিন্তু দ্বিখণ্ডে খণ্ডিত নর,

মোহে মানস বিকল, তবু চেতনা সবল,

তত্ত্বহৈ ভক্ষ নাহি হয়॥

প্রহুরিছে বিধাতা নিঠুর,

প্রছরিছে বিধাতা নিঠুর, ভেদি মর্ম জীবনান্তঃপুর,

জীবনে নাহি বিনাশে, কুটিল বল প্রকাশে;

সধী এবে পলাল স্থান্ত ॥

• তুই বলে ছিলি, সহচরি!

• ভয় কি লো তোর ও স্কারি!

জীবন থাকিতে মোর,কার সাধ্য আছে তোর,
ধরে প্রাণ, ছায়াম্পর্শ করি॥"

এবে সে আশ্বাস-অবসান,
' বুঝি যায় জাতি-কুল-মান,
স্থি! আয় একবার, তোকে ডাকি বার বার,
দেখা দিয়া জুড়া লো পরান ॥

মোরে ছাড়িলি কিসের তরে, তোর সঙ্গবলে ভর করে, ত্যজিলাম পিতা মাতা, কাটিয়া স্নেছ মমতা -ত্যজিলাম প্রাণ-সংহাদরে॥ দিলি তথ্ব সমুচিত ফল,
তোর শোকে হাদর বিহ্বল,
একবার মা বলিয়া, স্থ-মুখে না স্থাইয়া,
ত্পাশরিলি মারার শৃঞ্জা!

সধি! আর কি দেখিব তোরে,
কোধে তুই বলেছিলি মোরে,
আগে আমার মারিবি, তুই নিজেও পুড়িবি,
সেই শাপ আজি ফলিল রে॥
পিতুদেবে কেন না বলিলাম,
তোর কথা কেন না শুনিলাম,
গুপু কাযে দোব নানা, তোর না শুনিরামানা.
শেষে ভোগ চরম ভুগিলাম॥

এক দিন কথার কথার,
তাত! মাতা বলেন তোমার,
"বাসনা স্থালা-রত্নে, ভূষিত করিয়া যত্নে,
দিই নাগু! চন্দ্রের গলার ॥"" •
পিতঃ! তাহে ভূমি ক্রোধভরে,
মাক্রে কত তিরন্ধার করে,
বলেছিলে "কুলমান, তাজিয়া, কি ছার প্রাণ;
কথা দিয়া অন্যথা কে করে ॥"
আজি কণি হারা সেই রত্ন,
হার! যে সেঁপেতে করে যত্ন,

्यञ्ज किन करत्र यन, श्लीमणा इरन इस्रन, পোড়া ভালে সবাই সপ্তু॥ করি-কুম্ভে স্থিত মুক্তা, কার, মুগরাজ বিনা অধিকার: কুম্বচুতে সে মুক্তার, শবর লইতে ধার, मिरे में गाउँ एक जामाता. মাগো। তোর ষর সোহাগিনী, मिर्थ या दि अदि काञ्चानिनी, অনাথিনী পড়ে আছে, মুখ তার শুধা সাছে, কেহ না জিজ্ঞাসে গো জননি! আমাবিনা প্রাণ সম ভাই কি করিছে, কাছারে স্থাই, ওরে নিদাকণ মন, ত্যজি সকল স্বজন, না ভাবিলি কোথা পাবি ঠাই॥ এক চন্দ্রপাদ ভরদায়, ' তুই সকল করিলি সায়, त्रारथा नाथ। बिहत्राण, त्रारथा कूनमानश्राम, নামে কেছ কলছ না গ্ৰায়॥ তোমা বিনা অন্য নাহি জান, তুমি মোর প্রাণের পরাণ; তব নাম অঞ্লে বাঁধা, আছ হে अपरत्र गांथा,

कत व विशर्त शतिकां।

ু লুপানজিনী বাছসংখ্যা-খুন্য হইয়া মনে মনে অবি-চ্ছেদে খেদ করিতে লাগিলেন। ক্রমে বেলার অবসান হইয়া আদিল। নৃপবাদা একান্ত অন্থির হইয়া পড়ি-लन, शिक्षक्रवक भिः शैत्र नाग हुए करे कतित नागि-লেন, এবং কাতরস্বরে বলিয়া উঠিলেন—হায় ! এক্ষণে কি করি, প্রাণত্যাগ ব্যতীত সতীঃ রক্ষার উপায়ান্তর নাই, প্রাণ পরিত্যাগেরও কোন উপায় সরিহিত मिथिट इ ना। मा विष नारे भान करिया मकन करें নিবারণ করি, অক্ত নাই স্থকুমার গলদেশে যঞ্জে ধারণ कति, काल अंशि नियात या नारे। रा विशाजः! আমাকে এত পরাধীন করিয়াছ থে মরিবারও স্বতন্ত্রতা नारे! श' श्रियमिश । जूरे कि अरे मत्न कतिया जामोरक ' গৃহ হইতে বাহির করিয়াছিলি? হার ! এখন কি উপায়ে পোড়া জীবনের অবসান করি। হুরভিসন্ধি নাবিক তার দ্রবাজাতপূর্ণ সিমুক ছটা আমার নিকট রাথিয়াছে। চাবি इरेजि अ इर्ज्ज अथाति जाशिया गिया छ। जनमारे ত্রাচারের সিমুকে অন্ত থাকিতে পারে। রীজনন্দিনী এইরপ ভাবিয়া পতিত চাবি হুইটীর একটী গ্রাহণ করিয়া অ্ন্যতর সিমুক •খুলিয়া দেখেন, এক বৃহৎ শাণিত ছুরিকা হরাত্মার সিরুকে ঝক্মক্ করিতেছে। নুপতনরা অমীন উন্মত্তের ন্যায় বলিয়া উতিলেন—আয় আয় আয় ছুরিকে! আয় আয় আয় প্রিয়মধি! তুই কি আমার প্রিয়সখী—এতক্ষণ সিমুকের ভিতর লুকাইয়াছিলি?

আয় সথি! একবার কঠে গাঁচ আলিকন কর, আমি
জ্বোর মত বিদায় লই। সথি! এতক্লণ আমায় দেখা
দিস্ নাই কেন? আয় আমার সকল ছঃখের শেষ কর।
এই বলিয়া রাজবালা অচেতনপ্রার উন্থান্তর নাায়
ছুরিকা গ্রহণে উদ্যত হইতেছেন, এমন সময়ে তাঁহার
সহসা জান হইল, থেন প্রবল বায়্রলে নোকা টল টল
করিতেছে। "য়ায়াল, সায়াল, হাল দিকিণদিকে
চাপিয়া ধর, হায়! সর্মনাশ হইল, সর্মনাশ হইল,
নোকা আর রাখা যায় না, নোকা ডুবিল, ডুবিল, একণে
সকলে আপন আপন দেবতার নাম লও।" এইরণ
নাবিকগণের আর্তকোলাহল নুপকুমারীর কর্বকুহবে
প্রবিষ্ট হইল।

ইতিপুর্বেই যোরতর মেঘমালা নভোমগুল আছ্র করিয়াছিল; প্রলয়-কালীন-সম ভীষণ বায়ু সন্ সন্
শব্দে প্রবাহিত হইতেছিল; মুষলধারায় অবিছির রিকিধারা পড়িতেছিল। নৃপ্রবালা একেবারে চেতনাখ্না হইয়া পেদ করিতেছিলেন কিছুমাত্র জানিতে পানরেন নাই; এক্ষণে দ্বার খুলিয়া দেখেন চতুর্দ্দিক্ অন্ধনরময়, কিছুমাত্র দৃষ্টিগোচর হয় না, কেবল ক্ষণে ক্ষণ্প্রভার আলোক এক একবার চতুর্দ্দিক্ আলোকত করিতেছে।

হায়! আশার কি বলবতী মোহিনী শক্তি! এই আশার প্রভাবে মানবগণ নীনবর্ণ মৃত্যুমুখেও জীবনের ্, জোতিষতী স্বৰ্বেষা নিরীক্ষণ করে। এই জাশা ভিক্ককের প্রকৃটিরে শক্কলসমধ্যে রাজবভিষ্ব প্রস্ব করে। এই আশার আলয়ে চিরবন্ধ্যা শ্নাক্রোড়ে কার্ভিকেরেল্র মুখ চ্ছন করে। এই আশার হস্তাবলম্বে চিরবিরহিণী প্রাণনাধের শ্নাভবনে নীত হইয়া তাহার মর্মর সমাগম সম্ভোগ করে। এই আশা-দর্পণে নিরীক্ষণ করিলে বিষমস্থলকেও সমতল, কটকময় প্রদেশকেও শব্দাহ্রকেই যেন হীরকাদিপূর্ণ বলিয়া প্রতীয়মান হয়। এই আশা চুর্জের ভবিষ্যুৎকে কিরমণীর পদার্থ করিয়া রাখিয়াছে—কেমন কাম্পনিকী স্থপরক্ষারা শোভিত করিয়া সকলের হৃদয় অপইয়ণ করিতেছে। ধন্য আশার মোহিনী শক্তি! ধন্য বিধাতার সৃষ্টিকৌশল!

নাবিকদিণের এই নিদাকণ বিপদ্ বিধি-প্রেরিত বিবেচনা করিয়া রাজকুমুারীর হৃদয়ে জীবনাশা পুনর্বার অঙ্কুরিত হৃষতে লাগিল। চল্রকেছু-সমাগমসাশাও তাঁহার চিত্তকে এক একবার ঈষৎ বিকাশিত করিতে লাগিল। নৌকা জলমগ্র হইলে তিনি নাবিকের বন্তাদিপূর্ণ দিল্লুকটা অবলম্বন কুরিয়া সমুদ্রে ভাসমান হইলেন। দিল্লুকটা পশ্চিম বায়ুবেগে ক্রমে তীরেও উৎক্ষিপ্ত হইল। রাজনন্দিনী অনেকক্ষণ সাগ্রজ্ঞলে তদবস্থ থাকিয়া অচেতন্ত্রীয় হইয়াছিলেন, তাঁহার

শরীর অশান হইয়া গিয়াছিল, বছক্ষণ পরে তিনি, সমাক্ চেত্ৰা পাইলেন, শরীরেও কিঞ্চিৎ বলাধান (वाध इहेन। ब्राजवाना मिथिएनन, संविका भास इहे-য়াছে. কিন্তু মেষমালা এখনও গগনমণ্ডল আরত করিয়া আছে, রজনী উপস্থিত হইয়াছে। এ অবস্থায় অন্য উপায় না দেখিয়া কেবল দৈবের উপর নির্ভর করিয়া তিনি সিদ্ধুকের উপর শয়ান রহিলেন। মধ্যে ,মধ্যে বনা জন্তুর ভীষণ রব তাঁছার হৃদয় কম্পিত করিতে লাগিল। নৃপকুমারী ছরন্ত নাবিকের হস্ত হইতে উদ্ধার পাইয়া এ বিপদ সামান্য গণনা করি-লেন। প্রাণনাশের ভাবনার ভাঁহাকে কাতর করে নাই। তিনি এখন ভাবিতে লাগিলেন, যদি বিধাতার প্রসাদে কলা প্রাতে জীবিত থাকি, কি উপায়ে প্রাণ-নাথের জীচরণ দর্শনের চেষ্টা করিব। বোধ করি সুরাফু এখান হইতে অধিক দূর নছে, কিন্তু আমি কখন গৃহছইতে বাহির চ্ই নাই, কি করিয়া পথি-मर्टिश এक्निकिमी मक्षत्रंग कतितृ अथवा आवश्रक इक्टेन वा विशाम शिक्त भंदीरित मकन कर्छेरे मञ् হয়। সুকুমারী দময়ন্তী প্রাণপতি নলের জন্য কি ক্ষ না ভোগ করিয়াছিলেন। সত্যবানের নিমিত্ত সাবিত্রীর 'ক্লেশ সমস্ত জগৎ অবগত আছে। রঘুনাথের বিরহে স্থবৰ্ণপ্ৰতিমা দীতার দাৰুণ যন্ত্ৰণা ত্ৰিভূবনে বিশ্ৰুত রহি-রাছে। শিবের পরিণয় কামনায় কোমলাঙ্গী পার্বভীর

•কুঠোর কুছে শ্রণ করিলে শ্রীর রোমাঞ্চিত হুর। সতীত রত্ব অঞ্চলে বাঁধিয়া প্রাণনাথের নাম হৃদরে গাঁথিয়া সাহসভবে সেই পদের অবৈষণে পথে পথে বেড়াইব, কোধ করি কথনই বিপদ ঘটিবে না। যাহা इडेक, खीरवरम भरथ मध्यत्र यूक्तिमिकं नरह। मधी यक्त प्रविवास भावन कविया । आमात मत्नीवध দিৰির দোপান নিবন্ধ করিয়া গিয়াছেন আমাকেও দেইরপ নপুংসকের বেশে অভীষ্ট সাধনের চেষ্টা করিতে ছইবে। কিন্তু এক এক বার ভয় হরু পাছে ° नाथ क्रीरवर पर्नन अमझन विनया आमात मूथ मन्द्रिन ঘূণা করেন। তথাশি আমার •বদনের শোচনীয় কোমল ভাব দেবিয়া তাঁছার হৃদয়ে কি কৰণার সঞ্চার হইবে না ? বেশ পরিবর্ত্তন ব্যতীত কামনা সাধনের উপায়ান্তর দেখিতেছি না। কিন্তু আত্মগোপনের বেশ কোখায় পাইব ? হৃত্রিত্র নাবিকের এই সিমুকে অনেক বন্ত্রাদি আছে দেখ্রিয়াছিলাম, নিশাবসানে একবার খুলিয়া দেধিব-যদি আমার এক্ষণকার উপযুক্ত পরিচ্ছদ উহার ভিতর থাকে।

অনন্তর রাত্র এপভাত হইলে স্থালা দিনুক খুলিয়া অনেক খুজিয়া মনের মত এক স্টু বন্ধ পাইলেন। রাজকুমারী সেই পরিচ্ছদটা পরিধান করিয়া তিন চারি ' খানি মাত্র অপর বন্ধ সঙ্গে লইয়া চন্দ্রকেতৃর উদ্দেশে যাত্রা করিলেন, এবং কিন্ধদূর সমুদ্রতীর দিয়া গমন করিয়া দূর হইতে একটা নগরের গত দেখিতে পাইলেনা।
দেই নগরাভিমুখে গমন করিতে করিতে তিনি পথিমধ্যে এক জন পথিককে জিজ্ঞাসা করিলেন, ভদ্র!
এখান হইতে হ্বরাফ্র নগর কত দূর হইবে ই সে ব্যক্তি
উত্তর করিল হ্বরাফ্র নগর এখান হইতে অধিক দূর নহে,
চারি ক্রোশের অধিক হইবে না, ঐ যে প্রামন্তী দেখিতে
পাইতেছ উহার, ডাইনদিক দিয়া বরাবর এই রাস্তা
ধরিয়া চলিয়া যাও, বেলা দেড় প্রহরের মধ্যেই হ্বরাফ্রে
পাইতি পারিবে। নৃপবালা আন্তে আন্তে চলিয়া
প্রায় তিন ক্রোশ পথ অতিক্রম করিলেন।

এদিকে বেলা প্রায় ছুই প্রহর হইরা উঠিল। রাজনিদ্দিনী আর চলিতে পারেন না, একে প্রীশ্বকাল
তাহাতে মধ্যাত্র সময়। উষ্ণরিথি কিরণচ্ছলে অগ্নিক্ষুলিজ
বর্ষণ করিতেছেন। পথে আর পা দেওরা যায়
না। বালুকারাশি প্রথর বায়ুবেগে উথিত হইরা
পথিকগণকে দক্ষ করিতেছে। কোন দিকে জলবিন্দ্র নিরীক্ষিত হয় না, কেবল য়্গভৃষ্ণিকা-ভান্ত পাত্র
বর্গ ক্ষণে ক্ষণে প্রতারিত হইতেছে। গাভিকুল শুক্ষকণ্ঠে বিরল পাদপচ্ছারার শরান হইয়য় দীর্ঘশাস পরিতার্গ করিতেছে। রাখালগণ প্রীখে নিতান্ত ক্লান্ত
হইয়া গাভিগণের ক্লোড়েই বৎসের সহিত শয়ন করিয়া
আছে। ফণী ফণতলে নিষয় ভেকের হিংসা করিতেছে না। মুগ্রণণ পিপাসায় কাতর হইয়া তিয়াংশুর

ব্রিগমরীচিকার জলভবে বনান্তরে ধাবমান হইতেছে। বরাহযুথ ভূতলে আর তিঠিতে না পারিয়া কর্দমাবশিষ্ট পল্ল-বিদারণক্লে পাতালে প্রবেশ করিতেছে। অহুর্থান্দার্ভার রাজবালা পিপাসার শুক্ষতারু ও মৃত-প্রায়া ছইয়া পৃথিমধ্যে একটা দোকানে বসিলেন। কিয়ৎক্ষণ ছায়ায় বসিয়া ভাঁছার কিঞ্চিৎ ক্লান্তি দূর হইল। রাজকুমারী অতিবড়ে করেকটা মুদ্রা সলে রাখিয়া-ছিলেন, তাহার একটা টাকা ভালাইয়া দোকানির निकछे किছू मिछोब क्या कवित्नन, अवर इस शामानि " প্রকালন করিয়া কিঞ্চিৎ জলযোগ করিলেন। অনন্তর তিনি কণকাল বিশ্রাম করিয়া দ্বোকানিকে জিজাসা করিলেন, ভক্ত। এখান হইতে সুরাফ্র কতদুর হইবে। দোকানি উত্তর করিল, স্থরাঞ্জ এখান ছইতে অধিক দূর नर्ह, এक क्लार्यंत्र किছू अधिक इरेरत। आंशनि अथन বিজ্ঞাম কৰুন, রৌদ্র পড়িলে এখান হইতে বাহির হইলে সন্ধ্যার সময়েই হুরাফ্রে পেছিতে পারিবেন। দোকানি পথিকের অলৌকিক, লাবণ্য দর্শনে মনে মন্তে নানারপ বিতর্ক করিতে লাগিল, কিন্তু সাহস করিয়া কিছু জিজাসা করিতে পারিল না।

শুণীলা বেলার অবসানপ্রায় হইলে দোকান হইতে উঠিয়া সুরাস্টের অভিমুখে যাঁতা করিলেন, এবং । সন্ধার পরেই তথায় উপনীত হইলেন। তিনি এক্ষণে সুরাস্টেই উপস্থিত হইয়া মুনে মনে চিন্তা করিতে লাগি- त्नम, जात्मक विशासित श्रेत जिंश्हालयहीत ध्रभादि আজ প্রাণবরভের পুরে পৌছিলাম, এখন রাত্রে কোথার থাকি, নগরের কিছুই জানি না, কাছাকেও চিনি না, একাকিনী বাজারের দোকানে ও থাকিতে সাহস হয় না, পুরবাদিগণের ও আচার, ব্যবহার, চরিত্র কিছুই অবগত নহি। যাহা হউক কোন গৃহছের ভব-নেই আজ রাত্তি,কাটাইতে হইবে। নুপনন্দিনী এইরপ ভাবিতে ভাবিতে গমন করিতেছেন, পথের পার্মে একটা 'গৃহস্থের মত বাটী দেখিতে পাইলেন, এবং দেখিলেন ঐ বাড়ির বাহিরের ঘরে এক জন হৃদ্ধ বসিয়া আছেন। তিনি দ্বারের নিকট দ্বাড়াইতেই রন্ধ জিজ্ঞাসা করিলেন তুমি কে? কি নিমিত্র বা দারের সন্মুশে দাঁড়াইয়া আছ ? স্থীলা উত্তর করিলেন মহাশয়, আমি নিতান্ত বিপদ্প্রস্ত হইয়া আপনার দারস্থ হইয়াছি, যদি আজ রাত্রে অভুগ্রাহ করিয়া আমাকে একটু আশ্রয় প্রদান করেন বিশেষ উপকৃত ও চুরক্রীত হই।

হদ্দ প্রথিকের বিনয় বাক্যে মুগ্ধ ছইয়া বলিলেন,
ভদ্ম! তোমার নিবাস কোথায় ? নাম কি ? কি জাতি ?
এবং কি কারণেই বা বিপদ্প্রস্ত ছইয়াছ ? স্থালা উত্তর
করিলেন, মহাশর! আমার নিবাস অনেক দূর, সেতু. বন্ধ রামেশ্বরের নিকট আমার পিতামাতার বাসক্ষান,
আমি ক্তিয় সন্তান, আমার নাম স্ক্তাবী বিধাতার
বিদ্যনায় নপুংসক ছইয়া ভূমগুলে জ্লা গ্রহণ করি-

রাছি। পিঁতা মাতা আকর্মণা বলিয়া পরিত্যাগ করিয়া-ছেন। বাল্যকাল অবধি সঙ্গীতশান্তে আমার অভ্রাগ জন্মে, সঙ্গীত কিঞ্চিং অভ্যাসও করিয়াছিলাম। আমি এক দিবস-নিরাজায় সমুদ্রকূলে ভ্রমণ করিতেছিলাম, একজন বণিক আমারই ভাগাক্রমে তীরে উঠিয়া-ছিলেন। তিনি আমার সজীত অন্নণে পরিতৃষ্ট হইয়। क्रभा अकाम भूक्षक जामारक मरम नहेका ख्राखे আনিতেছিলেন, কলা রাত্রে তাঁহার নেক। ভুবিরা গিয়াছে। হতভাগা আমার মরণ নাই, তিরকাল' কষ্টভোগ করিতেই জন্মগ্রহণ করিয়াছিলাম, আমি অবলেষে কুল পাইলাম, পরমরুপালু বণিকের কোম অভূসন্ধান পাইলাম না। ত্রিয়াছি ত্রাক্রাজকুমার हट्टरकुत गीछविमाश विरंगय अञ्जाग आहि, हेन्हा হয় কলা তাঁহার সহিত একবার দেখা করি, এবং যদি তিনি অত্নকম্পা করিয়া নিকটে রাখেন আমার নিতাত অভিলাষ চিরকাল তাঁহার অধীনে থাকিয়া তাহারই সেবায় কালুযাপন করি।

রন্ধ উত্তর করিলেন, ভদ্র ! যরের মধ্যে আদিয়া বস.
তোমার কোন চিন্তা নাই, আমরাও ক্ষত্রিয় জাতি।
আমার গৃহে অদ্য কেন, যত দিন তোমার ইচ্ছা হয়
অপনার গৃহের মত বাস কর, অপিন সন্তানের নায়ে,
তোমাকে বত্ব করিব। আমার জ্যেষ্ঠপুত্র রাজসরকারে
কর্ম করে, সে শতদৈনিকের কর্ত্রপদে অধিকৃত

আছে। রাজকুমার তাছাকে ভাতিশয় ভাল বাসেৰ, আর্মার সেই পুত্রের সহিত তোমাকে কল্য চক্সকেতুর নিকট পাঠাইয়া দিখ, এবং যাহাতে ভোমার অভীষ্ট সিদ্ধি হয় তদ্বিয়ে দে যথাসাধ্য চেষ্টা করিবে। ভক্র! চক্রকেডু তোমার মধুর ভাব, বিনয় ও সৌজন্য দর্শন कतित्व তোমारक शृतम ममानदंत यावळ्यीयन निकटि রাখিবেন। বিশেষতঃ গীতবিভায় ডোমার নিপুণতা দেখিলে রাজকুমার তোমাকে প্রাণের অধিক ভাল •বাসিবেন। নৃপতনয় গীতবিভায় অতি স্থরসিক। এবং বোধ করি শুনিয়া থাকিবে, চল্লকেডু দিম্বিজয়-প্রসূর্টের কর্ণাটরাজকে পরাজয় করিয়া তাঁহার পরম রপৰতী কুমারী চক্তকুমারীকে বন্দী করিয়া আনি-রাছেন। চন্দ্রকুমারীর অপ্রাণে রাজকুমার উন্মত্ত-প্রায় হইয়াছেন, কিন্তু কর্ণাটরাজনন্দিনী কোন মতেই পিতৃশক্র চন্দ্রকেতুকে করদান করিতে সমত হইতে-ছেন না। রাজতনয় তাঁহার সম্তিলাভের জন্য অনেক ছেফা পাইতেছেন, কোন রূপেই ক্তুকার্য্য ছইতে পারিতেছেন না। যদি ভুমি কোন উপায়ে চন্দ্রকুমারীর সহিত চন্দ্রকেতুর বিবাছ ঘটাইয়া দিতে পার, কুমার তোমার চিরক্রীত থাকিবেন। স্থালা মনে মনে ভাবিতে লাগিলেন, এ মন্দ কাষ নছে, এই জনাই সমস্ত পরিত্যাণ করিয়া সিংছল হইতে সুরাফ্রে আ্রিয়াছি। কপালে আরও কি আছে বলিতে পারি

ন। কন্দপরিজের মনে কি আছে তিনিই জানেন। রে কন্দপ্। তাের কি দিক্ বিদিক্ জান নাই ? এমনি করে কি লােকের মন মজাতে হয় ? এরপ চতুরালী কোথায় শিধিয়াছিলি ?

রন্ধ বলিলেন বৎস! তোমার শরীর অত্যন্ত ক্লিট দেখিতেছি, কিছু ভোজন করিয়া অদ্য শরন কর। কল্য প্রাতেই রাজকুমারের সহিত সাক্ষাৎকারের উপার করিয়া দিব। ছদ্মবেশিনী রাজনন্দিনী আহারান্তে সেই বাহিরের ঘরেই একাকিনী শয়ন করিয়া রহিলেন।

পর দিন প্রভাতে সিংহলরাজবালা গারোখানান্তর মুখপ্রকালনাদি সমাপন করিয়া হলের জ্যেষ্ঠ তনরের সহিত রাজভবনে গমন করিলেন। চল্রুকেতু বৈঠক-খানায় বসিয়াছিলেন, র্দ্ধের তনয় নিকটে গিয়া প্রণতি পূর্বক নিবেদন করিল, কুমার! কলা রাত্রে এক জন পথিক আমাদের গৃহে আসিয়াছে,এরপ মধুর রূপ আমি কখন দেখি নাই। ছংখের বিষয় পথিক নপুংসক। গীত বিদ্যায় ইহার বিলক্ষণ নৈপুণ্য আছে, অমন মধুন্মাখা অর কখন শুনি নাই। পথিক ঘারে দণ্ডায়মান আছে, যদি আজ্ঞা হয় আপনার নিকট লইয়া আসি। অনন্তর কুমারের আজ্ঞা প্রাক্তিমাতে র্দ্ধের প্রক্র

রাজতন্য পথিকের রূপ ও স্কুমার ভাব দর্শনে মুশ্ন হুইয়া ক্লাকাল নিনিমেশনয়নে তাহার পানে চাহিয়া

রহিলেন, অনন্তর জিজাসা করিলেন ভদ্র তোমার, নাম কি ? নিবাস কোথায় ? কি নিমিত ই বা আমার নিকট আদিয়াছ? পথিক রদ্ধের নিকট যেরপ আত্ম-পরিচয় প্রদান করিয়াছিলেন রাজকুমারের নিকট **मिर ममल जिंदिन विनीज** বচনে নিবেদন করিলেন, কুমার আমি নিতান্ত বিপদ্-এন্ত, আপনার, জীচরণে শরণ লইয়াছি, যদি অনুথাহ করিয়া পদতলে একটু স্থান দেন, চিরকাল অধীনভাবে আপনাগ দেবা করিব, এবং যখন যে আদেশ করি-বেন্ তৎক্ষণাৎ তাহা পালন করিব। নাথ। সঙ্গীত-শাস্ত্রেও আমার সাগান্য যৎকিঞ্চিৎ জ্ঞান আছে, যদি তদ্বারা আপনার কিঞ্চিশাত্রও সস্তোষ জন্মাইতে পারি আত্মাকে চরিতার্থ জ্ঞান করিব। কিন্তু আমার একটা নিবেদন আছে, আমি ক্ষত্তিয়বংশজাত, আপনার সামান্য পরিজনের মধ্যে থাকিতে পারিবনা, আমাকে একটু স্বতন্ত্র নির্দিষ্ট স্থান, দিতে হইবে। রাজতনয় পথিকের বিনয় বচনে মুগ্ধ এবং তাহার দীনতাদর্শনে क्रभान इहेश विनातन, उप । आमात्र निक्रे शोक, ভোমাকে অভিযত্ত্বে রাখিব এবং , স্বতন্ত্র স্থানই তোমার জন্য নির্দিষ্ট করিয়া দিব। কিন্তু আমি যখন যে আদেশ করিব তৎক্ষণাৎ প্রতিপালন করিতে হইবৈ। অন্যথা করিলে তোমার সমূচিত দণ্ড করিব। স্থালা যে আজ্ঞা বলিয়া রাজকুমারের দেবায় ব্যাপৃত রহিলেন।

চতুর্থ পরিচ্ছেদ।

সুশীলা আত্মপ্রকাশ শকার সর্বদাই শক্তি-চিত্ত থাকেন, বাহিরে সকলের নিকট হুটভাব थकान करतन, अवर अठि थङ्गरमरे जानास ममस কার্যা সমাপ্ত করিতে অভ্যাস করিলেন। এইরূপে প্রায় এক মাস অতীত হইল। অনন্তর এক দিন চন্দ্ৰকৈতু সুশীলাকে একাত্তে ডাকিয়া বলিলেন, স্ভাবিন! শুনিয়া থাকিবে, আমি কণ্টরাজকুমারী চক্রকুমারীকে বন্দী করিয়া জানিয়াছি। নুপবালা একেবারে আমার মন অপহরণ করিয়াছে, আমি তাহার জনা উন্মত্তথার হইয়াছি। কাহারও সহিত আলাপ করিয়া মনের প্রীতি হয় না, निजा नजनमञ्जल अककारम পরিত্যাগ করিয়াছে. আহারে কচি নাই, বলিব ক্রি, কোন বিষয়েই প্রবৃত্তি হয় नाः, किवल मिरे मधूत क्रि मर्खनाई ममत्क किशिए छि। কিন্তু তথাপি কোন উপায়েই তাহার কঠিন হৃদয় আক-ষ্ণ করিতে পারিতেছিনা। যদি তুমি কোন কেশিলে চক্রকুমারীর অন্তঃকরণ আমার প্রতি অভরক্ত করিয়া দিতে পার, চিরকালের মত আমাকে কিনিয়া রাখ। সিংহলরাজবালা সবিনয়ে উত্তর করিলেন, নাথ। দাসজনের প্রতি এমন কথা বলিলেন না। আপনার

প্রীতি উৎপাদনের নিমিত্ত আমি জীবন দার্বেও গৃষ্টপাদ নহি। আপনি যে আদেশ করিবেন প্রাণ পণে সম্পাদন করিতে যত্ব করিব। আজ হতেই হবেলা চক্রকুমারীর নিকট গতায়াত করিব এবং আপনার মনোরখ সাখনে সর্বতোভাবে চেষ্টা করিব। আমার প্রতি আপনার অন্তথ্যহদৃষ্টি থাকিলেই আমি আস্থাকে চরিতার্থ বোধ করিব। নাথ! আমার অধিক আশা নাই।

সুশীলা এই বলিয়া চক্রকেতুর নিকট বিদায় লইয়া স্বস্থানে আগ্ৰমন করিলেন, এবং খনে মনে ভাবিতে লাগিলেন, একণে নৃতীগিরি কিরপে করিব। আমি রাজবালা, চিরকাল অভঃপ্রবাসিনী, কেমন করে लारकत मन जुलाहेरा दंत्र किंहूहे जानि ना, यिन তাহাই জানিতাম অবশাই প্রাণনাথের মন ভুলাইতে পারিতাম। যাহা হউক চল্রকুমারী কি মায়ায় আমার প্রাণবল্লভকে বশু করিয়াছে অন্ততঃ দেটাও তাছার নিকট শিখিতে পারিব, সেটাও আমার উপকারে আসিতে পারে। হায়! কপালে এত আছে জানিলে সখীর নিকট দৃতীর কায কিঞ্ছিৎ শিধিয়া রাখিতাম। একণে যে কোন উপায়েই 'হউক প্রাণনাথের মনোরঞ্জন আমার একমাত্র শুত। (महे बंज भानत्व निभिन्न कि मामीहानि, कि मृजी-इंखि, कि চাণাनीइंखि, कि शुंजीइंखि, मकनरे जामार्टि

আঁহ্লাদের সহিত শিরোধার্য করিতে হইবে। যত দিন এ বত সাল করিতে না পারি তত দিন আমাকে অতি কঠোর ক্ষত্ত সহ্য করিতে হইবে, যদি এত তপসার পারেও হৃদরনাথের চরণে স্থান পাই। কিন্তু এক এক বার ভর হয় পাছে আমা হইতেই চন্দ্র-কুমারীর মন প্রাণনাথের চরণে অবনত হয়।

অনন্তর সিংহলরাজনন্দিনী অপরাক্লে চন্দ্রকুমারীর निक्छे भमन कतिया (मथिलन, क्र्निक्कक्मादी वित्रमनम् विभिन्ना आष्ट्रम, अकजन मधी निकारे দাড়াইরা আছে। স্থশীলা দারে উপস্থিত হইবামাত্র সহচরী অতিভারত পদে তাহার নিকট আদিরা विनन, उत्र ! आशनि कि ? कि निष्ठिहें वा अहे यम দারে উপনীত হইয়াছেন ? আপুনি কি জানেন ন। এখানে কাহারও আসিবার আজা নাই? রাজকুমাব জानिए পातिरन अथनरे जाशनात मछक नरेरवन। यि প্রাণের আশা থাকে • সমর পলারন করুন, প্রছ-त्रीता (परिटा भारेम जाभनात जात निसात नारे. এখনই জাপনার শিরচ্ছেদন করিবে। স্থশীলা বিনীত-বৃচনে উত্তর করিলেন, ভক্তে ! ভয় নাই, আমি পুরুষ নহি। চল্রকেতুই আমাকে এখানে ভোমার স্থীর নিকট প্রেরণ করিয়াছেন। আমার নিবাস অনেক দূর, প্রায় একমাস হইল স্থরাফ্রে পৌছিয়াছি. এবং রাজকুমারের পরিচর্যার নিযুক্ত আছি। রাজ-

তনর আমার প্রতি বিশেষ অন্থ্যাহ করেন, আমারি প্রতি তাঁহার প্রগাড় বিশ্বাস আছে, তোমার প্রিয়-সধীর মনের ভাব বিশেষ করিয়া জানিতে আমাকে এখানে পাঠাইয়াছেন।

চक्रक्माती आगष्ट्रकत त्रभमाद्वी मर्भात ७ विनी उ বচন অবণে বিমুশ্ব হইয়া তাহাকে বসিতে বলিতে সখীকে ইদিত করিলেন। স্থী রাজকুমারীর আদেশ পাইয়া ছদ্মবেশিনী রাজনন্দিনীকে উপবেশন করিতে অভুরে র্ষ করিল। স্থালীলা সে সমরের উপযুক্ত আসনে नियम इटेलन, अवर कियर कर्ग क्रांखि पृत्र कतिशा कथात्र कथात्र मधुसमन्यद्व विल्लन, द्रांखवातन ! আমি প্রায় একমাস রাজকুমারের নিকট আছি, ঈদৃশ অমায়িক ভাব কাহারও দেখি নাই, এরপ মধুমাখা কথাও কথন কাহারও মুখে শুনি নাই, এরপ রূপমা-ধুরীও কদাপি দৃষ্টিগোচর করি নাই, পরিজনশ্বেহ এতদ্র হইতে পারে আনার পুর্বে অভ্তর ছিল না, রাজকুমারের বীরত্ব ও পরাক্রম ত্রিভুবন বিখ্যাত, বোধ করি অর্গে গন্ধর্কগণও ইহার যশোগানে প্রীতি नां छ करतन। 'धरे बहुरम ज्यानक 'खमन कतिशाहि, এরপ সংপাত কখন আমার নয়নে পতিত হয় নাই। °বলিব কি বিধাতা এদশা না করিলে আমিই চল্লকেডুর অঙ্কশব্যা লাভ করিতে উৎস্থক ছইতাম। রাজবালে! চন্দ্রকৈতুর প্রতি রখা ক্রোধ পরিত্যাগ কর, নিরর্থক

ুখার কেন কৃষ্ণ ভোগ⁹ করিতেছ, রাজতনয়কেও যার পর নাই নিদাকণ মনের কৃষ্ণ দিতেছ। কর্ণাটরাজ-নন্দিনী আগস্তুকের রূপমাধুরী ও বাক্ চাতুরী দর্শনে চমৎকৃত হইলেন, কিন্তু কিছুই উত্তর করিলেন না, বরং চল্রকেত্বিষয়ক কথায় বিলক্ষণ অপরাগ প্রদর্শন করিলেন। স্থালা সে দিনগৃছে ফিরিয়া আসিয়া রাজ-নন্দনকে সমস্ত অবগত করিলেন।

इम्राविभिनी मिश्रमत्राक्तनिमनी প্রতিনির্ভ হইলে চलकूमात्री महहतीत्क जिल्लामा कतितन, विशमिश ! लाकन कि क्रू त्वाउ भावित ? महम्बी ड्रेंबंद করিল, রাজবালে! কিছুই বুঝিতে পারিতেছি না। আগতুক কোশলে নপুংসক বলিয়া পরিচয় প্রদান कतिन, किस देशांत्र जाकृष्ठि मिथित्रा जामात मन नाना-রূপ বিতর্ক উপস্থিত হইতেছে। স্থি! এমন রূপ কখন দেখি নাই, এরপ বিনীত অথচ চাতুরীপূর্ণ বাক্য ও কখন শুনি নাই; স্লামার এ ব্যক্তিকে ছদ্মবেশী বলিয়া বোধ হইতেছে। স্থি। তোর কি অনুমান হয় ? রাজকুমারী উত্তর করিল, প্রিয়দবি! বলিব কি, हेड्राज लिक्स कर्नात साहिज इहेड़ाहि, जामाज कनड़ নিতাত চঞ্চল হইয়াছে। এক, দিন পিড়-ভবনে এইরপ অপরপ রপ অংখে দর্শন করিয়াছিলাম, সেই অ্বধি সেই চরণে মন প্রাণ সমস্ত সমর্পণ করিয়াছি। তাহার পর এই দশা অটিয়াছে। স্থি! এতদিন

কাহারও নিকট এ কথা ব্যক্ত করি নাই, আজ তোর, কাছে প্রথম বলিলাম, দেখিস্ যেন কোন মতে প্রকাশ না হয়।

স্থালা প্রায় এক মাস চন্দ্রকুমারীর নিকট সুই বেলা গতায়াত করিলেন, কোন রূপেই তাহার মন চন্দ্রকেতৃর প্রতি অবনত করিতে পারিলেন না। এক দিবস চন্দ্র-কুমারীর সহচন্দ্রী স্থালাকে বলিল, ভন্ত! কেন আপনি চন্দ্রকেতৃর নিমিত্ত রুথ! কট পাইতেছেন ? কি কারণে বলিতে পারি না, আপনাকে ছন্দ্রেণী বোধ হইতেছে; যদি আপনার এখানে 'আগমনের অনা কোন উদ্দেশ্য থাকে, কিঃশঙ্কচিত্তে প্রকাশ করিয়া বলুন, আপনার সে মনোরথ সকল হইতে পারে।

ফ্শীলা একথার কৈছু প্রভ্যুত্তর না করিয়। গুহে কিরিয়া আসিলেন, এবং চিন্তাফুলচিতে উপবিষ্ট আছেন, এমন সময়ে চন্তুকেতু আসিয়া জিজ্ঞাসা করিলেন, ভত্রা। আজ তোমাকে বিমর্যভাবাপর দেখিতিছি কেন গুলামার মনোরথ সিদ্ধ করিতে পারিলেনা বলিয়া কি আমার কোপ শহা করিতেছ গুতোমার কোন শহা নাই। কলা অবধি ছায় চন্দ্রক্ষারীর নিকট গ্যনের আবশ্বকতা নাই। আগামিনী শুক্র তিয়োদশী আমার জন্মতিথি। আমি এবার যে বিপদ্ হইতে উদ্ধার পাইয়াছি এ আমার প্রজ্জীবন লাভ বলিতে হইবে। পিতা এবার সেই আছোদে আমার

জন্মদিন উপলক্ষে এক মাস উৎসবের আদেশ করিয়াছেন। কলা অবধি উৎসব আরম্ভ হইবে। এ অভ্যুদর সমরে চক্রকুমারীর নিকট নিদ্ধল যাইবার প্রয়োজন বাই। এক মাস কাল সকলে যথাস্থাং উৎসব সম্ভোগ কর; পরে চক্রকুমারীর চিতাকর্ষণের নিমিত্ত আর একবার চেক্টা করা যাইবে, এ সময়ে নির্ম্বেক চেক্টা বিধের নহে।

পর দিবস হইতে উৎসব আরম্ভ হইল। নৃপ্রুমার প্রতিদিন পূর্বাছে নিজ হতে সহত্র মুক্রা অধিদিগকে দান করিতে লাগিলেন। বান্ধণ পণ্ডিতগণ চহুৰ্দ্ধিক স্বস্তায়ন আরম্ভ করিলেন। রাজ-ভবন চণ্ডীপাঠের গভীর শব্দের প্রতিধনিচ্ছলে নিরতিশয় আনন্দ প্রাকাশ করিতে লাগিল। মধাহে লক্ষ লক্ষ প্রাক্ষণ প্রভৃতি সর্ব্বর্ণ চর্ব্ব্য-চোষ্য-লেছ-পেয় বিনিধ নিষ্টারে ভ্রেক্তিত इंटेट नागिन। अभेताद्भ तांक्यांनी मक्ननांना धनिएड পরিপূর্ণ হইয়া পুরবাদিগগ্রের মন আনন্দরদে আপ্লুত করিল। রজনীযোগে কোন দিকে নর্তকীগণ নৃত্য করিতে করিতে হাব ভাব প্রকাশে সকলের মন মোহিত করিতেত্বছ, অন্য দিকে মধুর সঙ্গীতম্বন শ্রোত-বর্গের আবণ-বিবর পরিতৃপ্ত করিতেছে, অপর ভাগে নটগাণ অভিনয় দ্বারা রক্ষিত জনগাণের চিত্ত আকর্ষণ করিতেছে। নানা দিগস্তাগত দর্শকগণে নগর পরিপু-রিত হইন। ব্যবসায়িশণ অধিক লাভ প্রত্যাশায় एम विष्म इहें जामिश्रा मैंगल बाल्य थिय भाष्जाग वर्म्ना जवाकां जिल्ला लिंज कितन। तकनीजाग नमल नगर्न जानाकगर जान बाजि विनशा
वाध हर ना। जन्नकां नगर्न क्लाभि हान ना भाहेश
हमीनां क्रिया जालां किया थहन कितन। नमल नगर
जानम्मं स्मीनां क्रिया जालां किया निर्मानम् । नमल नगर
जेल्नाह उ जेल्मूद भित्रभून, हमीनां क्रिया निर्माण । नमल नगर
उल्नाह उ जेल्मूद भित्रभून, हमीनां क्रिया निर्माण ।
विकल्पन। कान जालां कि के दिवर्ग महात ।
विवास क्रिया किया किया किया ना ।
विवास क्रिया क्रिया क्रिया क्रिया क्रिया ।
विवास क्रिया क्रिया क्रिया क्रिया क्रिया क्रिया ।
विवास क्रिया क्रिया क्रिया क्रिया क्रिया क्रिया ।
विवास क्रिया क्रिया क्रिया क्रिया क्रिया क्रिया क्रिया क्रिया ।
विवास क्रिया क्रि

এদিকে যে রাত্রে স্থালা চিত্রলেখার সহিত দিংহল হইতে পলায়ন করে, তাহার পর দিন প্রাতেই সমস্ত নগরে রাস্ট্র হইল—নৃপ-তনয়া সহচরী চিত্রলেখার সহিত কোথায় প্রস্থান করিয়াজানিলেন, স্থালা যথার্থই পলায়ন করিয়াছে। নররাজ জোধে প্রজ্জ্বলিত হইয়া নগরপ্রহাগিকে প্রহার করিতে জারম্ভ করিলেন, এবং নগররক্ষককে ও বহুতর প্রহারপূর্বক ভং সনা করিয়া কহিলেন, রে হুরাচার! তোকে কি জন্ম নগর রক্ষায় নিযুক্ত করিয়াছি ? কি নিমিতই বা তোকে প্রতি মাস উদরপূর্ণ বেতন গ্রেদান করিতেছি, আমার

ওঁন্যা প্ৰায়ন করিল তোরা কিছুই অন্সন্ধান রাখিস্ ना ? ममल दांजि कि निजा याम्, ना वादनादीगरणद বাটীতে মাত্লামি করিস্? যদি আজ সন্ধার পূর্বে আমার কন্দার ও সেই পাপ বেটীর অনুসন্ধান করিতে না পারিস্, কাল তোকে এবং সমস্ত নগর-প্রহরিগণকে শুলে দিয়া নিপাত করিব। নগররক্ষক কম্পারিত-करमवरत উত্তর করিল, মহারাজ! ক্রোধ করিবেন না. আপনার কন্যা নগর হইতে বাহির হয় নাই। কাহার সাধ্য রাত্রিযোগে কুতান্তের ন্যায় আমানের হাত এড়াইয়া নগরের বাহির হয় ? আপনার কন্যা নগুরের মধ্যেই আছে। আমাকে তিত্ত দিন মেয়াদ দিন, আপনার তনয়াকে ও সেই পাপ বেটাকে আনিয়া দিব। রাজা ক্রোধকম্পিত স্বরে বলিলেন, আচ্ছা, তোদের তিন দিন মেয়াদ দিলাম, यদি ইহার মধো আমার কন্যা ও সেই ফুটিনী বেটীকে হাজির করিতে ন পারিম্, কুরুর দংশনে ত্যেদের শরীর ধংশ করিব।

দিংহলরাজ প্রস্থাগিকে এইরপ শাশন করিয়া দশনভারা অধর নিম্পেষিত করত আরক্ত যুর্গিত লোচনে সাক্ষাৎ কৃতান্তের ন্যায় বিকট বেশে অন্তঃপুর-মধ্যে প্রবেশ করিলেন, এবং মহিন্বীকে সংখাধন করিয়া বাললেন, রে পাণীয়সি! হুর্স্ব্ ভে! কুটিনি! স্থীলাকে কোথায় লুকায়িত করিয়া রাথিয়াছিস্? এই জন্য বুরি সে দিন চক্তকেত্র সহিত কন্যার বিবাহের কথা উত্পাপন করিয়াছিলি ? সর্স্বনাশি ! এই জন্য কি তোকে এতকাল কালভুজন্ধীর ন্যায় গৃহে রাখিয়া-हिलाम? कन्गारक नीय वाहित कतिया रन, नरहर তোর সমস্ত শরীর খণ্ড খণ্ড দম্ভ করিব। রাজ্ঞী একে কন্যার দাৰুণ বিয়োগে নিতান্ত কাতরা ও পাগলিনী-প্রায়, তাহাতে মহারাজের মুখে এই কঠোর বাক্য এবণ क्रियां क्रिश्ने क्रिक्न अहिन्स्थाय खुद्ध इहेगा ब्रिह्मिन, অনন্তর কৰুণঅরে বলিয়া উঠিলেন, নাথ। মহারাজ। ক্ষেপেছেন না কি? কোধে উন্মত হইবেন না। এত অধীর কেন? মড়ার উপর আর খাঁড়ার মা কেন মারেন ? মহারাজ। অপিনার মানেই আমার মান, অাপনার মললেই আমার মলল, আপনার স্থাই আমার স্থ। স্বপ্নেও মনে করিবেন না, জানি জাপ্-নার মান মূচাইয়া নিজের মান বা জিদ বজায় রাখিব। প্রাণনাথ! ক্রোধ সম্বরণ করুন: আমি ইহার কিছুই জানি না। এ সকলই আদার কপালের দোষ, নতুবা আপনি আজ আমাকে "কুটিনি" বলয়া সম্বোধন করি-বেন কেন ? প্রজানাথ। এই দত্তেই আমার প্রাণদ্ভ कबन, आंद्र दैं। हिवाद माथ नारे, स्नीनात्क श्राहेश आत करनक आनिधात्रान कम माहे। आनिष्ठ করিয়া আমার সকল কফ দূর কৰুন!

শান্তণীল পত্নীর কৰুণ বচনে কিঞ্ছিৎ শান্ত হইয়া বলিলেন, তুই ইহার কিছুই জানিস্না? তোর অস্ত্

শৌদন ব্যতীত কি চিত্রলেখা স্বয়ং একার্য্য করিতে সাহসী হইতে পারে? সতাই কি তুই ইহার কিছুই জানিস্না ? রাজী কাঁদিতে কাঁদিতে উত্তর করিলেন, নাথ! আশনার পা ভুইয়া দিব্য করিতে পারি, যদি আমি ইহার বিন্দু বিসগ্ত অবগত থাকি, আমি ইহার বাস্পও জানি না। অদ্য°প্রাতে এই দাকণ সম্বাদ পাইয়া আমি হতজান হইয়াছি। হায়! আমার সুণীলা কখন মুখ ভুলে কথা কইতে জানে না. তাহার চরণের শব্দ বস্থুমতীও জানিতে পারেন না. মারের প্রতি এমন মারা কখন দেখি নাই, মা আমার যরের বাছিরে গেলে অমনি চমকির। উঠে। আমার এমন মেয়ে আমাকে না বলিয়া কোথায় গোল শুনিয়া আমি অবাক ছইয়াছি। ছায়! আমার হরের नक्यो स्भीना काथाय भान ! वृक्ष वयरम जानक करछेव পর বিধাতা সদয় হইয়া তুইটা রতু দিয়াছিলেন, তাহার একটা কে অপহরণ করিলঃ আজ আমার গৃহের আর শোভ। নাই, সকলই অন্ধকারময় থোধ হই-তেছে, সিংহল শুনা দেখাইতেছে, আর কিছুই ভাল লাগিতেছে না। • মহারাজ। এপোড়া জীবন আর ब्राधिव ना, आंशिन এই मूझ्टर्डरे आमात आंग मश्रीह कबनै। मिश्इनहाज উত্তর করিলেন, हाजि । आहे माग्रा-काबाब धारबाजन नारे, नायनीतन मन ७ काबाब ভুলিবার নয়। তোর জতি আমার বিলক্ষণ সম্ভেছ

জিমিরাছে। শীত্র যদি কনাাকৈ বাহির করিয়া । দিস্তোর সমুচিত দণ্ড দিব।

সিংহলেশ্বর মহিবীকে এই বলিয়া অন্তঃপুর হইতে বহির্গত হইলেন, এবং রাজ-সভায় সিংহাদনে আ্সীন इहेश थ्रधान मञ्जी तूथरमनरक निकटि नमाहेश। জिकांमा कदिलन, मिल्लवत । कना तकनीत घटना শুনিয়া থাকিবে, একণে এবিষয়ে কর্ত্তব্য কি ? বুধসেন উত্তর করিলেন, মহারাজ। এত উত্তলা হইবেন না। ব্যাপারটা সামান্য নহে বটে, কিন্তু উতলারও বিষয় नटरं. जाननात वाखातात्र यहेनानि रंशांत मरधारे ममख मिश्राम ताक रहेनारह। जेन्स गुरुवार्भात प्रम বিদেশে ঘোষণা করা প্রাক্তের কার্যা নছে। একটু ন্থির হউন, সিংহলে যা হইবার হইয়াছে, একণে এ বিষয়টী যাহাতে ভারতবর্ষের সর্ব্বত্র প্রচারিত না হয়. তাহার উপায় বিধান কৰুন, এবং নিভৃতভাবে সকল স্থানে গৃঢ় বিশ্বস্ত চরের দ্বারা অবেষণ আরম্ভ কৰুন, তাহা হইলৈ শীঘ্র কৃতকার্য্য হইঙে পারিবেন। রাজা মন্ত্রীর বাক্য যুক্তিযুক্ত বিবেচনায় অভ্নোদন করিয়া সেই মত সমস্ত ব্যবস্থা করিলেন।

এইরপে প্রায় ,একমাস অতীত হইল, স্থীলার কোনই অভ্নদ্ধান হইল না। কন্যাগতপ্রাণা রাজ-মহিষী স্থীলার অদর্শনে দিন দিন ক্ষীণ হইতে লাগি-লেন, হতবৎসা গাভীর নায় নিরম্ভর আর্তনাদ করেন, ক্রে অন্থিচনাবিশিক হইরা পড়িলেন। মধ্যে মধ্যে
মুর্ছা তাঁহার চেতনা অপহরণ করিয়া কিঞ্চিৎ উপকার করিতে লাগিল। আহার নিজা প্রায় একেবারেই
বন্ধ হইল। বাজী প্রাণের স্থালার কি হইল, হায়!
প্রাণের স্থালার কি হইল' বলিয়া সততই অধীর।
বার বার, 'হা স্থালে! এই জনা কি তোকে দশমাস
দশ দিন গর্ৱে ধারণ করিয়াছিলাম ৮ এই জন্য কি
তোকে এতদিন এতককে মানুষ করিয়াছিলাম ? তাহার
কি এই সমুচিত ফল দিয়া পলায়ন করিল গ সকল
মায়া এককালে কেমন করে ভূলিয়া গেলি ? তোর
প্রাণের ভাই স্থালকেও একবার ভাবিলি না ?' এই
রপে স্থালাকে সম্বোধন করিয়া উল্লেখ্যরে রোদন
করেন।

সুশীলও প্রাণের ভাগনীকে না দেখিয়া দিন দিন
মলিন হইতে লাগিলেন, আহার নিদ্রা এককালে পরিত্যাগ করিলেন। প্রায় একুমাস অতীত হইল ভাগনীর কোন অল্লমন্ধান হইল না দেখিয়া রীজকুমার
একদিন জননীকে নির্জানে সংখাধন করিয়া বলিলেন,
মাতঃ! মহারাক্ষ এত দিনেও প্রাণাধিকা সংহাদরার
কোন অন্থেশ করিতে পারিলেন না। যদি অলুমতি
করেন, ইচ্ছা হয় একবার আমি স্বয়ং সোদরার অল্লসন্ধানে প্রস্তু হই। মা! আমার মনে কেমন প্রতীতি
হইতেছে সুশীলা প্রাণে কাঁচিয়া আছে, আমি কিছু দিন

অধ্যেণ করিলেই ভণিনীকে অবশাই পাইব। ক্তির্ক্তির ক্ষার হইরা এরপ নিকিন্ত বদিরা থাকা বিধের নহে। আপনি নিঃশক্ষচিত্তে আ্মাকে অভ্যতি কক্ষন, আমি ছই মাস মধ্যেই ভণিনীকে আপনার নিকট আনিয়া দিব। রাণী কাঁদিতে কাঁদিতে উত্তর করিলেন, বাছা! কেবল তোর মুখ চেয়ে আজও বেঁচে আছি, তোকে প্রাণ থাকিতে কোথাও পাচাইতে পারিব না। স্থাল কহিলেন, মা। ভাল করিবেন না, ক্ষত্তিরক্লে জন্ম গ্রহণ করিয়া শক্ষিত হওয়া বিধের নহে, আমি একাকী বাইব না, অংমার সঙ্গে দর্শ পনর জন অভ্চর থাকিবে। আমাকে নির্ভিয়চিত্তে আদেশ কক্ষন, আমি কলাই ভণিনীর উদ্দেশে যাত্রা করিব। রাজী পুত্রের নির্ভিগ্র নির্কির দেখিয়াও তাহার বিদেশগমনে অভ্যতি দিতে পারিলেন না।

রাজকুমার সার নিশিন্ত থাকা বিধেয় নহে ছির
করিয়া জননীর আদেশ-নিরপেক হইয়াই সেই রজনী
যোগেই কতিপয়মাত্র সিল্সমাভব্যাহারে সিংহল
হইতে যাত্রা করিলেন। স্থালি সমুদ্রপারে উপনীত
হইয়া প্রত্যেকের নিমিত্ত এক একটা আশ্ব ক্রয় করি-লেন, এবং সকলেই বাজিপুষ্ঠে আরোহণ করিয়।
চতুর্দ্দিক্ অয়েষণ করিতে লাগিলেন। নৃপতনয় কণাটে
শুনিলেন, কণাটরাজ সরিহিত রাজগণের সহিত
স্রাক্তরাজের বিপক্ষে যুক্ত যাত্রার মন্ত্রণা ও উচ্ছোগ

কলিতেছেন, সিংহলাধিপতিকেও সাহায্যার্থে আছুবান করা হইবে। রাজ্পতনর চতুর্লিক্ ভ্রমণ করিয়া কোথায়ও ভগিনীর অন্ত্সন্ধান পাইলেন না। পথে পথে প্রায় এক মান অতীত হইল। তিনি সর্কার অবেষণ করিতে করিতে ক্রমে স্তরাফ্রে উপন্থিত হইলেন। নুপকুমার যে দিন স্থরাক্র নগরে পৌছিলেন, সেই দিন অব্বি চন্দ্রকেতুর জন্মতিথি উপালকেণ্টেৎসব আরম্ভ হইয়াছিল। স্থাল ও তাহার অন্ত্ররণণ পৃথক্ পৃথক্ নগরের ভিন্ন ভিন্ন স্থান নিরীক্ষণবাঁপদেশে স্থালার অবেষণ করিতে লাগিলেন।

তৃতীয় দিবদে কুমার নিতাপ্ত ক্লান্ত ছইরা চল্লকুমারীর গৃহের নিকট এক রক্ষতলে উপবেশন করিলেন। কর্ণাটরাজবালা গবাক্ষ দিরা তক্ষতলে স্থীলকে
দেখিতে পাইলেন, এবং স্থীকে ডাকিরা বলিলেন,
স্বি! ঐ যে পুরুষটা পাদপতলে নিষ্
 দেখিতেছ,
ঐ ব্যক্তি না কয়েকদিন ছল্লকেত্র পরিজ্ঞান বলিয়া
আমার নিকট আদিয়াছিল। আমরা যথাপই উছাকে
ছল্মবেশী বলিয়া অন্তর্ভব করিয়াছিলাম। আজ দেখ
উছার সে বেশ কাই, বোধ করি অদ্য ও বাক্তি আপান
নার প্রকৃত বেশ ধারণ করিয়াছে, এবং চল্লকেত্র,
উৎসবে মাতিয়াছে ভাবিয়া দেই সুযোগে এখানে
আদিরা বিদিয়া আছে। স্বি! গোপনে ঐ ব্যক্তিকে
আমার নিকট লইয়া আইইন। সহচরী উত্তর করিল,

স্থি। এ সেই ব্যক্তিই বটে, আমি এখনই উহাকে তার নিকট আনিতেছি। নৃপনন্দন পরশ্বঃ অব্ধি উৎসবে মাতিয়াছেন, এদিকে আর বড় জাঁটা আঁটি নাই। বিধাতা তোর স্বপ্পলক্ষ ধন আজ দিন ব্রিয়া মিলাইয়া দিয়াছেন।

কর্ণাট রাজকুমানীর প্রিয়সখী এই বলিয়া তক্তলে
গমন পূর্ব্বক স্থালকে সম্বোধন করিয়া বলিল, ভদ্র!
আজ এখানে কি কারণে বাহিরে বিদিয়া আছেন?
আনা দিনের মত কি নিমিত্ত ভিতরে যান নাই?
প্রকৃত্ত বেশে প্রবেশ করিতে কি লক্ষা হইতেছে?
আপনাকে অছ্য অভ্যন্ত প্রান্ত ও পিপাসায় আকুল
এবং শুক্তালু বোধ হইতেছে। আম্বন, গৃহমধ্যে
আসিয়া ক্লান্তি পরিহার ও পিপাসা দূর ককন।
সথী আপনাকে দেখিতে অতিশায় ব্যাকুল হইয়াছেন।
কিংহলরাজনন্দন যথার্থই তৃষ্ণায় নিভান্ত কাতর হইরাছিলেন, কিছু উত্তর না ক্রিয়া ভাছার পদ্যাৎ পদ্যাৎ
গৃহে প্রবেশ করিলেন এবং রাজকুমারীর স্মুধে
উপনীত হইলেন।

প্রজাপতির কেমন নির্বার ! কল্পপরাজের কি অনি-বাচনীয় শক্তি ! কর্পাটনুপবালাকে অবলোকন করিয়া কুমারের বারিত্ঞা দূর হইরা মদনত্ঞা প্রবল হইল। নুপতনর যেন ইল্রজালে আরত হইলেন, চল্লকুমারীর মায়ায় এককালে বিমুগ্ধ হইলেন, এবং প্রিয়তমা ভূগি- নীকেও কিছু দিনের নিমিত্ত মনের অন্তর করিলেন। সহচরী বলিল, আখা ! আজ যে ভূলিয়া এ প্রকৃত নৃতন বেশে এদিকে পদার্পণ করিরাছেন ? এত দিনের প্র বুকি আজ বিধাতা আমার সথীর শুতি অতুকূল হইলেন। স্থশীল উত্তর করিলেন, আপনাদের কথার ভাব আমি কিছুই বুঝিতে পারিতেছি ন। আঁমি ত কখন এখানে আদি নাই, পরশ্বঃ কেবল সুরাফ্রে পৌছিয়াছি। আপনি আমাকে চিরপরিচিতের ন্যায় সম্ভাষণ করিতেছেন, ইছার ভাব কি ? সহচরী কছিল, ভদ্র ! আর বীক্ চাতু-রীতে প্রয়োজন নাই, আর নূতন হতে হবেনা,আপ্রনার কখার আর আমরা ভূলি না। এখন সত্য করিয়া বলুন আপনি কোন রাজকুল অলক্ষত করিতেছেন ? কি কারণে. এ স্থকুমার তৰুণ বয়সে স্বদেশ পরিত্যাগ করিয়া আদি-য়াছেন ? কি অভিদন্ধিতেই বা স্থরাফ্রে বাদ করিতে-ছেন ? রাজতনয় উত্তর করিলেন, ভক্তে! সত্য বলি-তেছি কলামাত্র শ্বরাফ্রে স্থানিয়াছি। আমি নিংছল-हाक भाग्रभीत्मत धैकमात उनत्र, आमाद नीम स्भीन, আমার একমাত্র ভগিনী সুশীলার অন্বেষণে দেশে দেশে ভ্রমণ করিভেছি,পরশ্বঃপ্রাতে স্থরাফ্রে পৌছিয়াছি। দছচরী কহিল, রাজনন্দন! আত্মপরিচয় দিয়া আর্ क्त हथा इन करतन ? अठ मिरनत भन्न ममल जानिएड পারিলাম। যাহা হউক, কুমার ! আমার প্রিয়সখী আপ-নার জন্য নিতান্ত আকুল হইয়াছিলেন, অধুন। মাল্য-

বদল করিয়া উহাকে চরিতার্থ করুন। চন্দ্রকুমারীঅঙ্গুলি দারায় সখীকে তর্জন করিতে লাগিলেন।

অনস্তর কুমার কুমারীকে গান্ধর্ববিধানে বিবাহ করিয়া পরম কোতুকে কালহরণ করিতে "লাগিলেন। চল্রকুমারীর সহিত কাল্যাপনে প্রায় এক মাস অতীত হইল। সুশীর্প ভগিনীর বিষয় একেবারে ভুলিয়া र्गालन, थक निर त्रजनीर्यार्ग भग्नन कतिश जारहन, সহদা জননীকে মনে পড়িল। রাজতনয় আপনাকে ধিকার দিয়া মনে মনে চিন্তা করিতে লাগিলেন, ছার। র্থা, মারায় মুগ্ধ হইয়া আমি এখানে কি করিতেছি? জননীকে কি ধলিয়া আংশিয়াছি ? প্রায় ছই মান ছইল বাটী হইতে বহিগত হইয়া এক মান ভুছকিনীর কুছকে মুক্ক হইয়া আছি, প্রিয়তমা ভগিনীকেও এক কালে বিশ্বত হইরাছি। হার ! কি কুকর্ম করিয়াছি। হুই মাসের मर्था स्नीनारक जानिया निव मारत्रत्र निक्छे श्राटिका করিয়া আসিয়াছি; তুই মাস প্রায় অতীত হইল, নিশ্চিত্ত হইয়া স্থরাফ্রে পরম স্থাধ কাল যাপন করিতেছি। জননী হয়ত এতদিনে প্রাণত্যাগ করিয়াছেন। হার! কি করিলাম। আর এখানে এক মুহুর্ক্ত অপেকা করা विर्धित नरह। हक्ककूमांजी निक्रिज आहि, धरे नमस्त्रहे এখান হইতে পলায়ন করি।

সুশীল মনে মনে এই স্থির করিয়া তথনই শ্যাঃ হইতে উঠিয়া নিঃশব্দে চক্তকুল্রীয় ভবন হইতে বহি- ঠিত ইইলেন, এবং সেই রক্তনীতেই নির্বিধ মনে সুরাফ্র হইতে স্বদেশাভিমুখে প্রস্থান করিলেন। রাজকুমার কণাটে উপস্থিত হইয়া দেখিলেন, দক্ষিণ ভারতবর্ধর নরপতিগণ একর হইয়া স্থরাফ্র অভিমুখে য়ৢদ্ধরার। করিবার উদ্যোগ করিতেছেন। সৈন্যসমূহ সজ্জিত হইয়া আছে। তিনি লোকপরম্পন্নার শুনিলেন, তা-হার পিতা কণিটরাজের সাহাযার্থ ক্রয়ত্সেনাস্থিত সেনাপতি বীরসেনকে প্রেরণ করিয়াছেন। স্থান বীরসেন আসিয়াছে শুনিয়া শশবান্ত হইয়া তাহার নিকট সমাগত ইইলেন। সেনাপতি সহসা রাজ কুমার-কে দেখিয়া পরম প্রকিত হইয়া জিজ্ঞানা করিলেন, কুমার! এতদিন কোথায় ছিলে? শারীরিক কুশল ত ? ভগিনীর কোন অনুসন্ধান পাইয়াছ ? পিতা মাতাকে না বলিয়া কি এমনি করে আস্তেহয় ?

রাজতনয় অঞ্পূর্ণনয়নে উত্তর করিলেন, সেনঃপতে! পিতা মাতা কি অদা পি জি,বিত আছেন ? জননীবত কেনে অতাহিত হয় নাই ? বীরক্ষেন! সতা
করিয়া বল, জনক জননী কি প্রাণে বেঁচে আছেন ?
আমি সর্বত্র মুরিজাম,কোখায়ওভগিনীর অয়েষণ পাইলাম না। এখন কি বলিয়া একাকী পিতা মাতাকে
মুখ দেখাইব ? সেনাপতি বলিলেন, কুমার! ভয়্ন
নাই; ব্যাকুল হইও না, তোমার জনক জননী
জীবস্ত অদ্যাপি প্রাধে বাঁচিয়া আছেন। তাঁহাদের

শোচনীয় অবস্থা বর্ণনা করিতৈ স্কান্ন বিদীর্ণ হয় 🗘 তাহারা, "হা সুশীল ৷ হা সুশীলে ৷ ৰুদ্ধ বয়সে আমা-দিগকে কাহার কাছে ফেলিয়া কোথায় পলায়ন করিলি ? আমাদিগকৈ মাতা পিতা বলিয়া ডাকে জগতে এমন আর কেছ নাই! কোখায় গেলি ? একবার আয়. আমা-দিগকে একবার সেই চাঁদ মুখে জনক জননী বলিয়া স্যোধন কর, আমাদের জীবন চরিতার্থ হউক। আরু. একবার তোদের কোলে করিয়া শরীর শীতল করি। একবার দেখা দে, তোদিগকে দেখিয়া নয়নদ্বর পরিত্ত করি। হার! আমাদের অন্ধের যঠি কে অপহরণ कतिल ? इ। विशाद्ध । आमानिगतः हत्रा এই कर्छ দিতেই কি কয়েক দিনের জনা একবার দেখাইতে ত্রইটা রত্ব প্রদান করিয়াছিলি ! বিদি কাড়িয়। লছবিই তেরে মনে ছিল, প্রথমে পুত্রমুখ দেখাইবার কি প্রয়োজন ছিল? দিয়া এরূপে বঞ্চিত করায় তোর কি অভীষ্ট দিৰি হইল ? রে পোড়া প্রাণ ! কেন আর কফ দিম্ ? এখনই নিগত হইল। আনাদের সকল কঞ্চ-নিবারণ কর। ছার! কি করি, কোথায় যাই, কোথায় গেলে স্থানি স্থানিরে দর্শন পাই। হার । আর কি তাহাদের টাদ মুখ দেখি-তে 'পাইব ?'' এইরুপে আরও কত প্রকারে নিরন্তর িবিলাপ করিতেছেন, বার বার মুর্ছার ক্রোড়ে ক্ষণকাল শান্তি লাভ করিতেছেন –কখন ও অসম শোকে অধীর হইয়া সমুদ্রে ঝাঁপ দিতে উলাত হইতেছেন-কখন ৩

ক্রান্নি প্রবেশের উদ্যোগ করিতেছেন-কখন ও অনশনে প্রাণত্যাগ করিতে সঙ্কাপ করিতেছেন। তাঁছাদের আর সে জী নাই, দেকের সে লাবণা নাই, সাহার নাই, নিদ্রা নাই, শরীরে আর সে বল নাই, চালবার শক্তি . নাই, কাছারও সহিত আলাপ নাই,রাজার আর রাজ-কার্য্যে অভিনিবেশ নাই। সর্বদণ অভাবিমোচন করি-য়া চুইজনে অন্ধ্রপায় হইয়াছেন, কাঁহাদের শরীর বিবর্ণ কল্পাবশিষ্ট ছইয়াছে, তাঁহাদিগকে আর মাতৃষ বলিয়া চেনা যায় না। বুণসেন এবং আমর। मुद्रानाहे मा खुना किहिहा जरनक आधाम निशा अनुस्थि কোনমতে উচ্ছাদিণকে জাবিত ভাধিয়াছি। বুণসেন এক মুহুর্ত্তও তাঁহাদের কাছ ছাড়। হন না, ছায়ার না।য়_ সক্ষদ। তাঁহাদের অতুসরণ করিতেছেন। আর্থি অনেক বুঝাইয়া তাঁহাদিগকে বলিয়া আদিয়াছি,আমারা কেবল युकार्थी इहेशा शमन कदिएडिए ना, स्नीन स्नीनात মন্ত্রমানই আ্যাদের প্রশ্ন লক্ষ্যাকিল। আমর: তাহাদিগের খোজ পাইলেই অবিলয়ে স্থাপনাদের निक्ठे পाष्ट्रिश पिर। यूराह! याद अथारन विलय করিও না, শত্রু দৈনা তোমার সঙ্গে দিই, এই দণ্ডেই সিংছলে যাত্র। করিয়া পিতা মাতারু জীবন রকা। কঁর।

কুণীল ককণকরে উত্তর করিলেন, সেনাপতে ! কি করিয়া একাকী জনক জননীকে মুখ দেখাইব ! ফুণী-লার অন্তমন্ধান না পাইলে দেশে আর ফিরিয়া যাইতে

ইচ্ছা হয় না। এবং কি কারণে বলিতে পারি ন
আমার কেমন প্রতীতি ছইতেছে, স্থরাফ্রেই আমাদের

চুশীলা আছে। কোন ক্রেণ বশতঃ আমি সেখানে
বিশেষ অবেষণ করিতে পারি নাই। সেদিন জনক
জননীর জন্য মন কেমন চঞ্চল ছইল, আর স্থরাফ্রে
তিষ্ঠিতে পারিলাম না, স্বদেশ অভিমুখে যাত্রা করিলাম।
আপনার দর্শন। পাইয়া আর সিংহলে যাইতে মন
সারতেছে না, আপনার সঙ্গে গমন করিয়া আর একবার
স্থাক্রে প্রচোদরার অবেষণ করিব। জনক জননীর
সাস্থনার্থে অদাই সিংহলে লোক পাচাইয়া দিন, বলিয়া
পাচান, স্থীলের দর্শনে পাইয়াছি, স্থীলাকে অচিরাও
পাওয়া যাইবে তাহার সন্তাবনা দেখিতেছি। আপনার।
শোকাকুল ছইবেন না। আমাদের যুক্কাবসানে স্থীল
স্থীলা উভয়কেই সঙ্গে লইয়া দেশে ফিরিয়া যাইব।

সেনাপতি অনেক বুঝাইরাও সুশীলের মন ফিরাই-তে পারিলেন না, সুরাফুগমনে কুমারের স্থির নির্বন্ধ দেখিরা অগত্যা দৃত্যুথে সুশীল সুশীলার সহাদ সিংহলরাজের নিকট প্রেরণ করিলেন। কিছু দিন পরেই কর্ণাটরাজ সহায়সমবেত হইনা চতুরজ্মনোন্দহিত সুরাফ্র অভিযুথে রণ্যাত্রা করিলেন। সুশীল ও সেই সঙ্গে সুরাফ্রে পুন্ধাত্রা করিলেন।

शक्षम **श**तिष्ट्रम ।

এক মানের পর উৎসব পরিপূর্ণ ও সাক্ত হইল। রাজ-কুমার কেবল লোকলজ্জায় এতদিন চন্দ্রকুমারীবিষয়িনী কোন কথার উল্লেখ করেন নাই। বাজকুমারী এখনও নৃপতনয়ের হৃদয়ে অদিতীয় অধীশ্বরী ছিলেন। চক্সকেডু অন্তরে চক্রকুমারীর ধানেই নিমগ্ন থাকিতেন, বাছিরে কি করেন অগতা। তাঁহাকে উৎসবে আরু ইইতে হইয়াছিল। স্থৃভাষীকেও এতদিন দেখেন নাই বলিয়া তাঁহার মন উৎকণ্ঠিত ছিল। উৎসবের শেষ হইলেই রাজকুমার সুণীলার নিকট উপদ্বিত হইয়া. বলিলেন, স্তাবিন্! কই এতদিন তোমাকে দেখি নাই किन १ छेल्मरवंद्र ममग्न कि निभिन्न द्रांक उपन गमन कर्न नाई ? कि कांत्रत्न अवादन अकाकी करछे वाम कतिएड-ছিলে ? স্থশীলা বিনীত বাক্ট্যে উত্তর করিলেন, যুবরাক্ত! মলল সমরে আমার অমলল মৃত্তি দর্শন করিয়। আপ-নার বিরাণ জন্মিতে পারে, সেই কারণে এতদিন আপ-नाइ निक्र यांक्ट माक्नी क्र नाहे। दिशा या इस्ना করিয়াছেন লোকের নিকট অচ্ছলে মুখ দেখাইবার ও বো নাই। কি করি এই জনহীন বিবরে এতদিন অতি ' কষ্টে বাস করিতেছিলাম, আজ আপনার মুখ দর্শনে পুনজ্জীবন সাভ করিল†ম। চন্দ্রকেড় উৎস্কচিতে

কহিলেন, স্থভাষিন্! এক মাস চক্রকুমারীর কোন সম্বাদন
না পাইয়া মন নিতান্ত ব্যাকুল ইছতেছে। তুমি এই দণ্ডেই
রাজকুমারীর কুশল সম্বাদ আনিয়া আমার উৎকণ্ঠা
দূর কর, আমি এখানেই তোমার পুনরাগমন প্রতীক্ষায় থাকিলাম, শীঘ্র ফিরিয়া আসিবে, বিলম্ব
করিবে না।

स्मीना, य आका अजानाथ। ५० उठना इहेरवन ना, আমি এখনই চক্রকুমারীর মঙ্গলবার্ত। আনিয়া দিতেছি, এই বর্লিয়া তথনই কর্ণাটরাজকুমারীর নিকট গমন করিলেন। সিংহলরাজবালা গৃহে প্রবেশ করিবামাত্র সহচরী ব্যস্তসমন্ত দ্বারে আসিয়া বলিল, আকুন মহা-শয়। আস্তে আজ্ঞা হউক। আজ আবার পুরাতন বেশে দেখ্ছি যে ? পুনর্বার এ ভাব কেন ? সখীকে প্রথমে মজাইয়া সে দিন রাত্রে না বলিয়াই কেন পলা-য়ন করিয়াছিলেন ? এ চারি পাঁচ দিন দেখা নাই কেন? আবার বুঝি ছন্মবেশে রালকুমারের পরিচর্যায় নিযুক্ত বেশের প্রয়োজন কি ? রাজকুমার ! আপনাকে আর একটী শুভ সন্বাদ দিই, আপনার সহযোগে বোধ করি প্রিয়স্থীর গর্ভসঞ্চার হইয়াছে, গর্ভলক্ষণ প্রকাশ না পাইতে পাইতেই শীষ্ৰ গোপনে রাজনন্দিনীকে সিংহলে লইয়া যাইবার উপায় করুন। এ সম্বাদ চক্রকেতুর কর্ণ-গোচর ছইলে আপনাকে এবং আমাদিগকেও মৃত্যুমুখ

ক্রিরীক্ষণ করিতে হইবে, শীত্র স্থীকে সিংহলে দুইয়া যাইবার চেষ্টা কৃত্ন।

সহচরীর নিকট সমস্ত সন্থাদ শ্রবণ করিয়া সিংহলরাজকুমারীর শিরৈ যেন বজ্ঞপাত হইল। স্থালা মনে মনে
বুঝিতে পারিলেন, প্রাণের ভাই স্থাল সামার অবেযণে স্থরাক্তে আসিয়া এই কাণ্ড কার্যা গিয়াছে। রাজনন্দিনী মনের ভাব মনে রাখিয়া কর্গাটরাজছ্হিতার
প্রিয়সখীকে সম্বোধন করিয়া বলিলেন, ভদ্রে! অদ্যা
এখন চক্রকেতুর নিকট হইতে আ্সিতেছি বিলম্ব করিতে
পারি না, যাহাতে ভাল হয় শীল্ল সেরপ ব্যবস্থা করিবার চেন্টা পাইব। তোমার প্রিয়সখীর গর্ভলক্ষণ যত
দিন পার অপ্রকাশ রাখিবার বিশেষ যত্ন করিবে।

রাজকুমারী এই বলিয়া প্রতিনিরত হইলেন, এবং
পথে মনে মনে চিন্তা করিতে লাগিলেন, হার ! কি সর্কাল
নাশ উপস্থিত। চন্দ্রকুমারীর গর্ভচিত্র প্রকাশ হইলে
রাজকুমার আমাকেই সন্দের করিবেন, বিশেষতঃ উৎসবের সময় আমি কুমারের নিকট অনুপস্থিত ছিলাম,
ইহাতে তাঁহার সন্দেহ দৃঢ়ীকৃত হইবে। যুবরাজ
নিশ্চরই আমার প্রাণদণ্ড করিবেন, লজ্জার কথনই আমাপ্রকাশ করিতে পারিব না। হা ভাই সুণীল! আমি,
এখানে তোদের ভুলিয়া আছি, তুই আমার জনা দেশে
দেশে ঘ্রিয়া বেড়াইতেছিস্। তোদের কন্টের জনাই
পাপীরসী স্থীলা ভূমউলে জন্মগ্রহণ করিয়াছিল।

হার ৷ উৎসবের সমর গৃহ হইতে বাহির না হইরা 🏟 ছুষ্কর্ম করিরাছি। তৃথন সে নির্জ্জন গুছে একাকী পড়িয়া না থাকিলে অবশ্যই সহোদরের সহিত সাক্ষাৎ হইত। দে সময়ে পোড়ার মুখীর লোকালয়ে মুখ বাছির করিতে লজা ও মানের ভয় হইল। রে কুলকলভিনি। যখন সিংহল হইতে বাহির হইয়াছিলি, তখন লজা ও মান-ভয় কোথায় ছিল? তখন বুঝি সমস্ত সমুদ্রজ্ঞলে ভাসা-ইয়া দিয়া আসিয়াছিলি ? যে কাও ঘটিয়াছে, এখন তোর লাজ ও মানভয় কোথায় থাকিবে? আমি প্রাণ **ख**त्य- मंक्रिड इंड्रेडिना, शांह श्रांतिश्वत जशमान করেন সেই ভয়ে আশার হৃদয় কাঁশিতেছেও শোণিত শুক্ষ হইতেছে। যাহাহ্উক আপাততঃ কুমারের নিকট শক্কিতচিত্ত প্রকাশ করা বিধেয় নছে। পরে বিধাতা কপালে যাহ। লিখিয়াছেন তাহাই ঘটাবে। बिङा छ बिट्यांची **এই এक माज माइम আছে। स्**गीना এইরূপ ভাবিতে ভাবিতে রুজকুমারের নিকট উপস্থিত হইয়া বলিলেন, প্রজানাথ ৷ চন্দ্রকুমারীর মন আপনার প্রতি সেইরপই আছে। চন্দ্রকেতু কিঞ্চিৎ বিষয় হইয়া কহিলেন, স্ভাগিন্! আর একবার'দিন কতক চেষ্টা কর, যদি কোন উপায়ে নৃপবালার কঠিন অন্তঃকরণ ন্মু করিতে পার। এই বলিয়া নৃপ্তনয় তথা হইতে শ্বাজভবনে প্রত্যাগমন করিলেন।

এদিকে গৃঢ় প্রণয় কত দিখ অপ্রকাশ থাকে। চক্ত-

ক্রমারীর গর্ভদংবাদ ক্রমে স্থরাফ্রময় রাফ্র হইল। চক্র-কেতু এই দাৰণ বাৰ্তা অবণে ক্রোধে জ্লিয়া উঠিলেন, এবং ছদ্মবেশী স্কৃতায়ী দারাই এই কার্য্য হইয়াছে নিশ্চয় করিলেন। 'রাজকুমার কোধাবেশে জ্ঞানশূন্য হইয়া षात्रभावत्क आका कतित्वन, अहेक्करवहे सूखायीत्क করে করে বন্ধন করিয়া আমার নিকট আনরন কর। দারপাল আদেশ প্রাপ্তিমাত্র স্তাবীকে করে করে প্রেঙ বন্ধন করিয়া রাজকুমারের স্থীপে আনর্ম করিল। সুশীলাকে দেখিয়া রাজ্তনরের নেত্রদা হইতে বেন অগ্নিক নিগঁত হইতে লাগিল। তিনি তাহাকে পাৰুষকারে সংখাধন করিয়। বলিলেম, তে হুরাজ্মন্ ! নত্র-ধম ! ছুক্তি ! স্ভাবিন ! রে ছরাচার ! এই নিমিত বুকি, তুই সর্বজনসাধারণ উৎসবে আসক্ত হইন নাই ? অক্ট্র গ্রু জামোদে মন্ত ছিলি ৷ এক মান লোক-সমক্ষে ংহি-গতি হইস্ নাই ? এই জনা বুঝি তেত্তে বিশ্বাস করিয়া চন্দ্রকুষারীর নিকট দৃতরপে পেরণ করিতাম ? এই কারণে বুঝি ভোকে এতদিন পরিজনের শীয়ে নিকট রাথিয়াছিলাম ? আত্ম-পরিবারের নাায় ভরণ পোমণ করিলাম ? তাহক আণের মত ভাল বাসিতাম, তার কি এই সমূচিত ফল দিলি ? রে কপটু ধূর্ত্ত ! ছলুবোশন্। বেত্রীঘাতে আজ তোর ধূর্ত্রণনা নিরাস করিব। রে· কৃত্যা পশুনিকৃষ্টা অদ্য তোর সজীব চর্ম উৎপাটিত করিয়া কৃত্যতার যথোভিত ফল ভোগ করাইব। রে

নৃশংস! চাণালাধম! আজ তোর শরীর খণ্ড খন্ত্র প্রজ্ঞানিত দহনে দক্ষ করিব। তোর এত দ্র সাধ্য তুই আমার ভূতা হইলা আমারই চিত্তহারিণী বন্দীকৃত চন্দ্রক্ষারীর কুমারীয় নষ্ট করিলি ? মনে অনুমাত্র শঙ্কা হইল না, চন্দ্রকেজু এ প্রণায় জানিতে পারিলে তৎক্ষণাৎ মস্তক ছিদন করিবেন।

স্থালা ন্যুবছনে উত্তর করিলেন, প্রজানাথ! দীন-বল্লো! আমি ইহার কিছুই অবগত নহি। স্বামিন্! আপনার পাদস্পর্ণ করিয়া শপথ করিতে পারি, আমি ইহার বিজ বিষয়াও জানি না। যুবরাজ । যথার্থ বলিতেছি আমি পুত্ৰ-নহি আমার প্রতি নির্থক সন্দেহ কুরিতেছেন। নাথ! যদি লজা দুর করিতে পারিতাম এখনই প্রতাক প্রমাণ দ্বাবা আপনার সংশয় দুর করিতে পারিতাম। স্বামিন্!বিনাপরাধে অবিচারে আমার দণ্ড করিবেন না, ক্রোধে অধীর হইয়া সহসা আমাকে নির্থক কট্ট দিবেন না। বিচার করিয়া আমার উচিত দণ্ড কক্ৰণ, স্জভনয় ক্ৰেধিভাৱে কহিলেন, রে মার্ণ্-বিনু! এখন ভাের বিনয় রেখে দে! জদাই তােকে শূলে চড়াইতাম, কি বলিব, যুদ্ধমজ্জধয় নিতান্ত বাস্ত ব্লিয়া আজ তোকে প্রাণে রাখিলাম। কর্ণাটরাজ দাকিণাতোর অনাানা রাজগণের সহিত মিলিত হংয়। আ্মানের দেশ জ্জেমণ করিরাছে, শত শত প্রাম ছার খার করিতে আরম্ভ করিয়াছের নগরে রণকথা ব্যতীত

ক্রন্য আলাপ নাই, আমি এখন এখানে অপেকা করিতে পারি না। হয় ত অদাই আমাকে সমর সজ্জায় সজ্জিত হইতে হইবে। ভীম সিং আপাততঃ স্থভাষীকে পশ্চিন দিকের ঐ শাঁধার কুঠারিতে বন্ধ করিয়া রাখ। উহার হস্ত পাদ যেন শৃষ্কলে সংযত থাকে। যুদ্ধ হইতে ফিরিয়া আসিরা উহার যথোচিত দণ্ড করিল। ভীমসিং যোঁ তকুম বলিয়া রাজকুমারের আদেশ যথাকার সম্পাদন করিল।

এদিকে কর্ণাটরাজ এককালে স্থরাফুপরী আক্রমণ ন। করিয়া দাহাদি বিবিধ উৎপাতে স্তরাফ্রাজ্য ছারখার করিতে আরম্ব করিলেন। কোন দিকে জালিজমিঞিত ধুমরাশি গাগন্যওল আছের করিয়া কুরাক্রীরাজের অভঃ-করণ সন্তাশিত করিতে লাগিল; অনাদিকে দাকণ হত্যা-কাও আবাল রুদ্ধ বনিতা সমস্ত প্রজাগণকে সমূলে বিনা-শিত করিতে আরম্ভ করিল; কোন স্থানে বন্দীকৃত বনিতা-গণের ককণ আর্ত্রনাদে দিওমগুল ক্ষুটিত হইতে লাগিল; অপর ভাগে সম্পন্ন প্রজাগণ ওপ্তধন প্রকাশ করিবার নিমিত্ত অতার্থ নিপীর্নিত্ত হুইয়া পরিশেয়ে ছাণত্যা শক্ত হত্তে সমস্ত ধন সমর্পণ করিল, কেছ বা রুখা প্রত্যায় প্রলোভিত হইয়ে জীবনতৃষ্ণা পরিত্যাগ করিল: কোন দিকে পরিপক স্বর্ণন শাসাতরত্ব চতুরত্ব-সেনার পাদ দসনে চূর্নিত ছইয়। ভূমধ্যে বিলীন ছইল। চতুর্দিটেই হাহারব দিঙমওল ব্যাপ্ত করিয়া প্রজাগণের শরণ প্রার্থনায় সুরাফুরাছের •কর্ণকুহরে প্রবেশ করিতে,

লাগিল। তিনি দেশের হরবছা দেখিয়া আর স্থাই থাকিতে পারিলেন না, চন্দ্রকে হকে কক্ষ সৈন্য ও প্রধান সেনাপতি অর্জুনসেনের সহিত শক্রর সমুখীন হইতে আদেশ করিলেন। এবং স্বয়ং নগর-রক্ষণে ব্যাপৃত থাকিলেন।

চন্দ্রকৈতু পিতার 'আজ্ঞা পাইবা মাত্র নগর হইতে বহিগত হইয়া ফিয়দ্র অন্তরে শক্রদলের অভিমুখীন হইলেন। ছুদ্রভিধনি দশদিক্ আপুরিত করিয়া সমর-দেবীকে 'আহ্বান করিল। যোরতর সংগ্রাম আরম্ভ হইল্। বাণবর্ধে দশদিক্ আচ্ছন্ন, কিছুই লক্ষিত হয় না। মাতদ্র্গণের উচ্চ রুণ্ছিত, তুরৃদ্ব্যণেয় বিকৃত হেষারব ,সমরের ভীযণতা প্রবন্ধ করিল। ুকরিগণের কঠিন কুম্ভ-ভাগ পরস্পর সংঘটে ভীষণস্বণে বিঘটত হইতে লা-গিল। বাণান্ধকারে আর অপরপক্ষ চিনিবার যো নাই। কাহারও পাদ ভগ্ন, কাহারও বাল্ল ছিন্ন, কাহারও মুগু খণ্ডিত, কেহ বা পাদতলে নিম্পেষিত হইয়া চুর্নিত হইতে লাশিল। সহঅ সহঅ সৈন্য তীক্ষবাণে বিদীর্ণদেছ হইয়া রণস্থলে শয়ন করিল। কেহ বা বাহন বিনাশিত, माद्रिथ विमनिত এবং मान्यन हृर्गिত । इहेरन क्रगकान পাদচারে যুদ্ধ কৰিয়া শত শত শত্রুমন্তক ছেদন করত স্বয়ং ও ছিন্নমূদ্ধা কণকাল নৃত্য করিয়া ভূপৃচ্ঠৈ পতিত হইল। পরস্পরের করাল করবাল সংঘট্টে অগ্নিকণ বিনিঃসৃত হইতে লাখিল। গুএকুল পিবিত-

লোভে আইন্ট হইরা পদাদলের মন্তকোপরি নভোমণ্ডলে মণ্ডলাকারে পরিভ্রমণ করিতে আরম্ভ করিল।
স্বর্ণবর্ণ শদামণ্ডিত ভূমি সৌমামুর্ত্তি পরিহার করিয়া
রক্তপ্রবাহভূমিত ভীষণ পাটল বেশ ধারণ করিল।
শরদাগমে পদ্ধিলম্বল শুক্ষ হইতেছিল পুনর্বার মাংসশোণিত-কর্দমে কর্দমিত হইল। পতিত নরশারীরে,
যোটকদেহে, বিপুল মাতক্ষকায়ে এবং ভগ্ন রথাবয়বে
রণভূমি হুঃসঞ্চর হইয়া পড়িল। সমরস্থলীর ক্রম মুধ
হইতে উষ্ণ বাস্প বিনিগত হইতে লাগিল। ক্রমে উভ্রম প্রেকর সৈনাদল প্রায় নিঃশেষিত হইল, রণস্থলী প্রায়
জীবিত্রশুনা হইলেন।

থমন সময়ে র্ষকেতুনামাঞ্জিত অর্জাশশাঙ্কমুখ শিলীমুখ কুমার চন্দ্রকৈত্ব ধছুর্মৌন্ধা কর্ত্তিত করিল।
রাজতনয় বাণনাম দর্শনে প্লকিত হইয়া শরাসনে
নৃতন জ্যাসন্ধান করিলেন, এবং র্ষকেতুকে লক্ষা
করিয়া বাণর্থি করিতে লাগিলেন। র্যকেতুর সান্দনের বামভাগে রথোপরি সভাষীর মত মুর্তি সহসা
ভাহার দৃষ্টিগোচর হইল। শক্তদলমধ্যে সভাষীকে
দেখিয়া রাজকুমার কোধে জ্লিয়া উঠিলেন, এবং মনে
মনে নানা বিতর্ক করিতে লাগিলেন। অনন্তর কিনি
ভাত্তাদিগকে উচ্চ গভীরন্থরে সংখাধন করিয়া বলিলেন, অরে রে র্ষকেতো। জন্টভগিনীক। ভগিনীজারবাজক। অরে রে স্কভাষিন্। মায়াবিন্। ছয়্ব-

বেশিন্! কৃতয়! বিশাস্যাতক! চল্লকুমারী-লম্পটি!
আর কোথার যাইবি ? এখনই তোদের মাংস শোণিতে
গৃঙ্রশৃগালগণকে পোষিত করিব, এই বলিয়া কুমার
সায়কপাতে ছইজনকেই আচ্ছন্ন করিলেন্। র্ষকেডু
এবং স্থালও রাঢ় সন্তাবণে রুফ হইরা ছইজনেই যুগপৎ
চল্লকেডুর উপর অবিশ্রান্ত বাণবর্ষণ করিতে লাগিলেন।
সমীপদ্ধ স্থাপাবুশিষ্ট সৈন্যগণ আচ্চর্য হইয়া কুমারভয়ের অভূত যুক্ক অবলোকন করিতে লাগিল।

কিয়৽ ক্ষণ পরে র্যকেতুর সৈক্ষদলে হাহাকার শব্দ উথিত হইল। কুমারদ্বের শরবর্ষণ শাস্ত হইল। র্যকেতু ও স্থাল তীক্ষ্ণবাণে আহত হইয়া অচেতন হইয়া পড়িয়াছেন। চক্রকেতু জয়োয়াসে সার্থিকে প্রতিপক্ষরধ-সমীপে রথ চালন করিতে আদেশ করিলন। সার্থি আজ্ঞা প্রাপ্তিমাতে কুমার-নির্দিষ্ট স্থানে রথ আনয়ন করিল। স্থরাক্ররাজতনয় কুমার-দ্বিক্ত আচেতন পতিত দেখিয়া রক্ষক-সৈম্যদিগকে পরাক্ত কুরিয়া তাহাদের শ্রীর ছইটা আপনার রথে ত্লিয়া লইলেন, এবং তদবস্থ শিবিরে প্রতিনির্ভ হইয়া রাজতনয়দ্বের মুর্স্থা ভক্ষের চেটা করিতেলাগিলেন।

এদিকে কর্ণাটরাজ কিয়দ্রে রণছলের অপরভাগে যুদ্ধে ব্যাপৃত ছিলেন। তিনি পুল্রের বিপদাপাত শুনিয়া ভয়োৎসাহ হইয়া যুদ্ধ হইতে নিয়ন্ত হইলেন, এবং বিষশ্নমনে কটকে প্রবেশ করিলেন; অনন্তর পরিদিন প্রাতে সদ্ধি প্রার্থনায় স্থরাফ্ররাজের নিকট দৃত প্রেরণ করিলেন।

র্ষকেতু ও অশীল অনেককণ পরে চেতনা পাইয়া দেখেন, শত্ৰু হত্তে পতিত হইয়াছেন; বাণক্ষত হইতে ক্ষিরধারা এখন ও নিবারিত ,হয় নাই, চ্স্তকেডু শক্ত হইয়াও পরম যত্নে রক্ত বন্ধের চেষ্টা পাইতে-ছেন। কুমারদার স্থরাফ্ররাজকুমারের ঈদৃশ উদার ভাব দেখিয়া বিশ্বিত ছইলেন, তথাপি প্লিঞ্জরবন্ধ আহত সিংহশাবকের ন্যায় গর্জন করিতে লাগি-লেন। অনন্তর চন্দ্রকেরু প্রত্যেক্কে সম্বোধন করিয়া বলিলেন, র্যকেতো! আহত শক্রর গাত্তে হস্তক্ষেপ বীর পুরুষের উচিত কার্যা •নহে। নিঃশঙ্কচিত্তে অদ্য বিশ্রাম কর, পরাজিত হইয়াছ বলিয়া লজিত হই-বারও কোন কারণ নাই। ক্ষত্রিয়বংশে জন্ম গ্রাহণ করিলেই কথন বা বিজয়ী কখনও বা বিজিত হইতে হয়। নিরবছিল জয় লাভ হুই এক জনের ভাগ্যে ঘটিরা থাকে। অদ্য আমি জর্ঞী লাভ করিয়াছি, হয়ত কল্যই শক্রহন্তে পরাজিত হইতে পারি। র্যকেতু চल्रक्ति विनय अथि गर्का निक खंगा निर्मिश मान উত্তর করিলেন, চন্দ্রকেতো! সঁতা বটে, সংসারে জর পরাজয় উভয়েরই সহিত সাক্ষাৎ করিতে হয়, কিন্ত ক্রিয়কুলে জন্মগ্রহণ করিয়া পরাজয় প্রাপ্তি অপেকা সমরন্থনে নিধন লার্ড সহস্রগুণে স্পৃহনীয়া;
শক্রহন্তে পতন অপেকা কৃতান্তের অঙ্কে শারন লক্ষ্ণ
গুণে প্রশংসনীয়া। অনস্তর চন্ত্রকেতু স্থালিকে
স্বভাষিজ্ঞানে সংখাধন করিয়া বলিলেন, স্বভাষিন্।
এ অবস্থায় তোমাকে কিছু বলা ভাল দেখার না।
ভূমি আমার প্রতি, যেরপ কৃত্রের ব্যবহার করিয়াছ
কল্য সর্বলোকস্মক্ষে তাহার সমুচিত শাল্তি প্রদান
করিব। স্থালি কর্ণাটরাজপুত্রের কথার ভাবার্থ
কিছুই বুঝিতে পারিলেন না। তিনি শরপ্রহারের
বেদনায় নিতান্ত কাত্র ছিলেন এবং সম্যক্ না বুঝিয়া
উত্তর প্রদান বিধেয় নহে বিবেচনা করিয়া কিছুই
প্রত্তর করিলেন না।

পরদিন প্রাতে স্থাফ্রিরাজতনয়, র্যকেরু ও স্থালকে সঙ্গে লইয়া অবশিষ্ট সেনাদল-সমভিব্যাহারে
জয়োলাসে নগরে প্রতিনির্ত হইলেন। স্থরাফ্রপুরী
জয়ালয়্বত কুমারের আগমন বার্তা প্রবণে আছলাদে
উদ্বেল হইয়া রাজতনয়ের প্রত্যাদামন করিল। সমস্ত
নগর জয় জয় শদে পরিপুর্ব হইল। কেবল এক
দিকে চক্রকুমারী বিষাদে বিহবল হইয়া সহচরীকে
সম্বোধন করিয়া বলিতে লাগিলেন। প্রিয়সবি! আজ
কপালে কি ঘটবে বলিতে পারি না। চক্রকেরু বিজয়মদে মত্ত হইয়া কি হ্রবস্থা করিবে ভাবিয়া আমার
হলয় কিপাত হইতেছে। গরিগুনী, প্রাচণ মারিতে পারিবে

ক্রা, অপমানের এক শেষ করিবে। সবি! এই মুহুর্ত্তে আমার মৃত্যু হুইলে সকল কফের শেষ হয়। শুনি-তেছি বিজয়ী শত্রু প্রাণের ভাই র্যকেতুকে বন্দীকৃত করিয়া স্থরীফ্রে আনয়ন করিতেছে। ভাইকে এ-পোড়ার মুখ কেমন করিয়া দেখাইব। সধি। আর প্রাণ রাখিতে ইচ্ছা নাই, আমার বিষ আনিয়া দে, অপমান আর সহু করিতে পারিব না, গার্ন্তু শিশু-হত্যার পাতকভয়ে আর ভীত হইতে পারি না, সবি! আর ইতস্ততঃ করিস্না, শীম্র বিষ আনিয়া দে, পান করিয়া অপমানের ভয় নিবারণ করি। সহচরী উত্তর করিল, প্রিয়স্থি ৷ এত উত্তলা হস্না, ভয় কি 📍 র্দ্ধ-রাজের চরণে শরণ লট্ব। তিনি অবশ্যই আমা-. দের মানরক্ষার কোন উপায় করিবেন, অবলার অব-মানে রাজ্য নফ হয়। হদরাজ প্রবীণ হইয়া কখনই তোমার অপমান করিতে দিবেন না। স্থি! নিশ্চিন্ত থাক্, কোন ভর নাই। চব্দ্রকুম্বারী দীর্ঘনিখাস পরিত্যাগ করিয়া বলিলেন, স্থি! যা ভাল বুঝিস্কর, আমি গতিক বড় ভাল দেখিতেছি না।

আর একদিকে অন্ধতমসাইত বিবরে নিগড়সংযত।
সিংহলরাজছহিতা কয়েকদিন আন্ধার নিদ্রা পরিতাগি
করিয়া অনবরত কেবল নিঃশব্দে রোদন ও অভাবিসর্জন প করিতেছিলেন। রাজবালা মনে মনে কেবল দৈবকে ভংসনা করিতে লাগিকেন, কখনও বা সজলনয়নে প্রিয়দখী চিত্রলেখাকে ডাকিতেছেন, এক একবার জন্ত্র জননীকে কৰণস্বরে স্থোধন করিয়া খেদ প্রকাশ করি-তেছেন, বার বার কুলকলিজনী কালভুজজী বলিয়া আপনাকে শত শত তিরস্থার করিতেছেন, কথনও বা প্রাণের ভাই স্থালকে বেন সমুখে দেখিতে পাইভেছেন, পরক্ষণেই সমস্ত অন্ধকারময় দেখিতেছেন, মধ্যে মধ্যে উন্মত্তেব ন্যার আর্ত্রস্তরে বলিয়া উঠিতেছেন, ভাই স্থাল। একবার এসময় দেখা দে, তোর বড় সোহাগিনী ভগিনীর দশা একবার দেখে যা, তোকে একবার চথে দেখে এ পোড়া জীবন পরিত্যাগ করি। রাজবালা ভূলিয়াও একবার জ্লেকেছুর প্রতি দোষারোপ করেন নাই, বরং বার বার গিংহলেশ্বরীর নিকট কুমারের বিজয়াশংসা করিতে লাগিলেন।

চন্দ্রকৈছু নগরে প্রবেশ করিয়া অথ্যে জনক জননীর সমীপে গমন করিলেন, এবং তাঁছাদের চরণে প্রণতি-পূর্বক বিজয়বার্তা সবিশোষ বর্ণনা করিলেন। জনক জননী পুশ্বকিতচিত্তে পুল্রকে উঠাইয়া মন্তক আছাণ ও মুথ চুখন করত আশীর্বাদ করিলেন, বংস। চিরজীবী হইয়া চিরদিন এইরূপ বিজয় লাভ কর।

অনন্তর নৃপতনর, র্ষকেতু ও স্থালকে সঞ্চে লইলেন, এবং যে গৃহে স্থভাষীকে ক্দ করিয়া রাখিয়া গিয়াছিলেন সেইখানে উপস্থিত হইয়া ক্রোধভরে প্রহরীকে বলিলেন অরে শীত্র স্থভাষীকে বাহিঞ্জকর। প্রহরী কম্পাধিত- করেলবরে উত্তর করিল, কুমার! এত কুশিত কুন?
স্থাষী দেই গৃহেই আছে, এই মাুত্র তাহার কৰণ
আর্ত্তনাদ প্রবণ করিয়াছি। এখনই আপনার নিকট
তাহাকে আনিয়া উপস্থিত করিয়া দিতেছি। এই বলিয়া
প্রহরী নিগড়সংযতা দীনদীনা মলিনবসনা অঞ্পূর্ণনয়না দিংহলরাজনন্দিনীকে রীজ্তনয়ের সন্মুখে
আনয়ন করিল।

সুশীলা সহসা সুশীলকে রাজকুমারের পাথে নিরী-কণ করিয়া বাস্পায়ত-দ্রিমিত-লোচনে অমনি ভূতলে অচেতন হইর। পড়িলেন। সুশীল হৈ হইন কি ছইল বলিলা স্শীলার নিকট হরিতপট্দ গমন করিলেন, এবং চদ্রুকে সুকো বন্ধার বলিলেন, কুমার ! কি সর্কাশ করিয়াছেন ? স্থীহত্যা করিলেন ? রাজতন্য। আপনার অন্তঃকরণে কি কৰণার লেশ নাই? কোন্ হৃদয়ে এ স্তুমার চরণে শৃত্থাল বন্ধ করিয়াছেন ? শীঘ জল আনয়ন করিতে আফ্রেশ করুন, ভণিনি! কি সর্বনাশ করিলি? এই জনা কি আমাদিগীক তাংগ করিয়া কালভুজদকে আভায় করিয়াছিলি ? ছায় ! কি হইল! হার! কি হইল!শীত্র তালরস্ত∙ আনমন ককন। ভগিনি! কি করিলি ? জনক জলনীকে গিয়া কি त्रनिव १ कि विनया उँ। शामिगरक माखुना कदिव १ সুশীলে! আমি তোর অবেষণে আসিয়াছি, ছুই মাস পথে পথে ভ্রমণ করিতেহ্নিশ্যে কি তোর এই অনুসন্ধান

পাইলাম ? রাজকুমার ! কি সর্বনাশ করিয়াছেন ? ভাগিনি ! দ্র হতে আমাকে দেখিলে দৌড়িরা আমার নিকট আস্তিস্, তোর কাছে দাঁড়াইয়া আছি, একবার মধুরস্বরে ভাই বলিয়া সম্বোধন কর ।

চক্রকেতৃ উভয়ের অবয়বের সৌসাদৃশ্য -এবং সহসা মৃচ্ছাকাও দৈখিয়া চমৎকৃত ও অবাকৃ হইয়া রহিলেন, এসময়ে হচাৎ কিছু জিজাসাও করিতে পারেননা। সুশীলের রোদন দর্শনে তাঁহার এবং উপস্থিত সকলেরই নেত্র হইতে অশ্রুধারা প্রবাহিত হইতে লাগিল। অনেকক্ষণ পরে স্থালার মূর্ছাভক হইল, রাজ্বালা কজায় অধোবদনে রহিলেন, চন্দ্র-ন কেতু সুশীলকে সম্বোধন করিয়া জিজাসা করিলেন, ভত্র । এই ব্যাপার দেখিয়া আমি আকর্যা হইয়াছি, এক একবার বোধ হইতেছে যেন স্বপ্ন দর্শন করিতেছি. অথবা ইন্দ্রজালে আচ্ছন্ন হইয়াছি। তোমাদের রূপের সোসাদৃশ্য দর্শনে চমৎকৃত হইয়াছি। ভদ্র! শীন্ত তোমার ভগিনীর পায়ের শৃঙাল খুলিয়া দেও, ইহার এ অবস্থা দেখিয়া আমার লজ্জা বোধ হইতেছে, এবং এই ষটনার আদ্যোপান্ত বর্ণনা করিরা আমার কুতুহল নিবারণ কর। আমার হৃদয় সমস্ত র্ভাস্ত সবিশেয জানিতে নিতান্ত ব্যথা হইতেছে।

স্ণীল ভগিনীর পায়ের শৃখল খুলিয়া দিয়া উত্তর করিলেন, রাজকুমার! আফি-লংহলাধীখরের একমাত্র

जनत, आमात नाम स्मीन, आश्रीन यादात अहे इतवदा করিয়াছেন ইনি আমার যুগাজাত সহোদরা, সিংহল-রাজের প্রাণাধিকা একমাত্র ছহিতা। আপনার স্মরণ থাকিতে পার্বর, যখন দিগ্নিজন্মের পর পিতার অন্নরোধেৎ निः इतन गमन कतिशाहितनन, अवः ममूळ मत्था आमातहे পিতার জন্য ঝটিকায় বিপদাপন্ন হইয়া করেক দিন আমাদের গৃহে অবস্থান করেন, বোঞ্চ করি, সেই সময় ভগিনী প্ৰীজনস্থলভ-কোতূহলে আক্ৰান্ত হইয়া আপ-नात मिन्धामर्गत गुक्ष इहेत्राहिन। वाना नज्जावगठः বা অন্য কোন ^{*}কারণে পিতা মাতার নিকট স্থাপন অভিপ্রায় ব্যক্ত করিতে পারে নাই,এবং একদিন রজনী-यार्ग थित्रमथी हिज्रातथात्र महिल खर्गभूती शतिलाग. করে। পিতা ছহিতার পলায়ন বার্তা এবণ করিয়া কোধে जुनिया छिटिलन, धवर जानक हिका कतितन श्रुमीन द কোন অহুসন্ধান করিতে পারিলেন না। অনন্তর আমি পিতা মাতাকে না বলিয়া আুক্ত হুই মাস অতীত হুইন দিংহল হইতে গোপনে যাত্রা করিয়া ভগিনীর স্থাবেষণে পথে পথে ঘুরিতেছিলাম, এবং তাহার কোন অহুসন্ধান .না পাইয়া গৃহে ফিরিয়া যাইতেছিলায়। পথে কর্ণাট-রাজ্যে কর্ণাটরাজের সাহাঘ্যার্থে পিতৃপ্রেরিত সেনা-পতি বীরসেনের সহিত সাক্ষাৎ হইন এবং সেই সঙ্গেই যুদ্ধযাত্রায় পুনর্বার স্থরাফ্রে আসিয়াছিলাম ও আজ जार्थनात गुरह अर्थिनीत्याहे माक्न इत्वेष्ट्रांत्र (मिलाम।

ভগিনী কিরপে এখানে আদিরাছেন এবং উছার প্রির সধী চিত্রশেখাই বা কোথায় গেল কিছুই বলিতে পারি না। রাজকুমার ! আপনি কি অপরাধে আমার ভগি-নীর এ দশা করিয়াছেন ?

চন্দ্রকেতু বলিলেন, বয়য়য় ! তোমাদের নিকট
মুখ দেখাইতে লজা ইইতেছে। অজ্ঞানবশতঃ আমি
এতদ্র অপরাধী ইইরাছি। তোমার ভাগিনী আমার
নিকট নপুংসক বলিয়া পরিচয় দেন। রাজকুমারীর আলাকিক লাবণা দেখিলা আমার মনে এক
এক বার সন্দেহ ইইয়াছিল, কিন্তু সে সময় চন্দ্রকুমারীর
প্রতি অভ্রাণে উন্মত্তপ্রায় ছিলাম, কিছুই বিশেষ
অভ্সন্ধান করি নাই। কণাটরাজবালার মন আকর্ষণ
করিবার নিমিত্ত তোমার ভাগিনীকে দ্তরূপে নিযুক্ত
করি। কিছু দিন পরে চন্দ্রকুমারীর গর্তায়্ব প্রকাশ ইইল।
ছদ্মবেণী পুরুষ বলিয়া তোমার ভাগিনীর প্রতি আমার
দৃত্তর সন্দেহ ইয়, সেই কারণে অভ্নমারীর এই দারণ
শান্তি শেশান করিয়াছিলাম। সংখ। অজ্ঞানকৃত আমার
এ অপরাধ মার্জনা করিতে ইইবে।

স্থাল উত্তর করিলেন নৃপকুমার! আমিই ভগিনীর এত কক্টের মূল, আমি এই নগরে ভগিনীর উদ্দেশে আদিয়াছিলাম। দে সময়ে দগরী উৎসবে নৃত্য করিতে। ছিল। বিধিনির্ক্তরে একদিন নিতান্ত ক্লান্ত হইয়া চক্রকুমা-রীর গৃহের নিকট তক্তলেক্টোবেশন করি, রাজবালা সধী-ছারার আমাকে তাকিয়া লইরা যায়। কন্দর্শের অনির্ব্বচনীয় মহিমার রাজতনরার মায়ার মুগ্ধ হইরা আমি গান্ধর্ব-বিধানে চক্রকুমারীর সহিত মাল্য বদল করিলাম এবং প্রায় একমাস তাহার মন্দিরে অবস্থান করিরাছিলাম। রাজকুমার! আমিই ভগিনীর এই কস্কের মূল, সাপনার অপরাধ নাই।

অন দুরা চক্রকেছু স্থালার হস্ত গ্রহণ করিয়া বলিলেন, প্রিরতমে! না জানিয়া তোমার প্রতি যে অত্যাচার ও কঠিন ব্যবহার করিয়াছি দয়া করিমা ক্ষমা করিতে হইবে। স্কুন্দরি! আজ অবধি তুমিই আমার হৃদরের একেশ্বরী, আইস তোমার নয়নজল স্বহস্তে মুচাইয়া দিই। প্রেয়িট! তোমাকে অনেক কঠে দিয়াছি, তোমার প্রতি কত কক্ষ ব্যবহার করিয়াছি, কত প্রক্র বাক্য বলিয়াছি, সে সমস্ত শ্বরণ করিয়া আমার বক্ষঃশ্বল বিদীণ হইতেছে। জীবিতেশ্বরি! সে সমস্ত কঠ হৃদয় ইইতে দ্র করিতে হইবে। স্কুশীলা লক্ষায় হেঁট হইয়া রহিলেন।

এদিকে কণ্টিরাজের সহিত সন্ধি স্থাপিত ইইল,
কুরাক্টরাজ স্থার ওস্থালার বিষয় অবগত হইয়া পরম
পুলকিতচিত্তে তৎক্ষণাথ দিংহলে লোক প্রেরণ করিলেন।
নগালী উৎসবে পূর্ণ হইল। দিংহলরাজ অবগত হইয়া
নিত্রিপ্রফামনে সমস্ত অনুমোদন করিলেন। রাজমহিষার আহলাদের কিলান

কুশল সম্বাদ এবং পরিণয় বার্দ্ধ। শুনিরা সিংছলরাজ্যের
সকলৈরই হৃদয় আনন্দপুরে উপলিত হৃইল। মহাসমারোহে চল্রকেতু স্থালার বিবাহকার্য্য সম্পাদিত হইল।

এইজনে পরমন্থথে কাল্যাপন করিতে লাগিলেন।

এদিকে স্থাল চল্রকুমারীর সহিত সিংছলে ফিরিয়া

আ্দিনে। জনক জননীর স্থের আর ইয়তা রহিল
না।



ममाख।